# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০১৭ সালের ১ম বোর্ডসভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ১৪ ফেব্রুয়ারি, ২০১৭ |
| সময় | ঃ | বেলা ১১-০০ টা |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নুরুল মোমেন খান, এনডিসি, পিএসসি<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য।

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন এবং আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনা ও নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

**আলোচ্য বিষয়-১:** ২৮ ডিসেম্বর, ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

**আলোচনা :** গত ২৮ ডিসেম্বর, ২০১৬ তারিখে অনুষ্ঠিত ২০১৬ সালের ১১তম বোর্ডসভার সিদ্ধান্তসমূহের উপর ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক যথাযথভাবে কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং কয়েকটি সিদ্ধান্তের উপর কার্যক্রম চলমান আছে মর্মে সভায় প্রতিবেদন উপস্থাপন করা হয়।

**সিদ্ধান্ত :** সম্মানিত সদস্য জনাব হেলাল উদ্দিন আহ্‌মেদ এর প্রস্তাবের প্রেক্ষিতে সম্মানিত সদস্য গ্রুপ ক্যাপ্টেন এম এ আওয়াল হোসেন, জিইউপি, এডব্লিউসি, পিএসসি, জিডিপি এর সমর্থনে বিগত সভার (২০১৬ সালের ১১তম বোর্ডসভার) কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

**আলোচ্য বিষয়-২:** ডিসেম্বর, ২০১৬ মাসের রাজস্ব আদায়/বকেয়ার বিবরণী।

**আলোচনা :** ডিসেম্বর, ২০১৬ মাসে বিভিন্ন খাতে আদায় ***৫,১৫,৮০,৬১৫.০০*** (পাঁচ কোটি পনের লক্ষ আশি হাজার ছয়শত পনের) টাকা এবং ২০১৬-২০১৭ অর্থ বছরের ক্রমপুঞ্জিভুত আদায় ***১২,৬০,৫৫,৬৬৮.০০*** (বার কোটি ষাট লক্ষ পঞ্চান্ন হাজার ছয়শত আটষট্টি) টাকা। যা মোট দাবীর ***৮৯.৭২%***।

**সিদ্ধান্ত :** গৃহকর আদায়ের হার সন্তোষজনক মর্মে সভায় মত প্রকাশ করা হয়। আগামী ২০১৭-২০১৮ অর্থ বৎসরে মোট আয়ের দাবী ২৪ (কোটি) টাকা নির্ধারণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য বিষয়-৩:** ডিসেম্বর, ২০১৬ ও জানুয়ারি, ২০১৭ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী।

**আলোচনা :** ডিসেম্বর, ২০১৬ ও জানুয়ারি, ২০১৭ মাসে স্থানীয় আয়ের উৎস হতে বোর্ডের মোট ৮,০৬,৭১,৫৯৩.৫০ (আট কোটি ছয় লক্ষ একাত্তর হাজার পাঁচশত তিরানব্বই টাকা পঞ্চাশ পয়সা) টাকা আয় হয়েছে। মঞ্জুরীকৃত চাঁদা ও দানসমূহ (সাধারণ অনুদান), অনৈমিত্তিক আয় ও প্রারম্ভিক জেরসহ ডিসেম্বর, ২০১৬ ও জানুয়ারি, ২০১৭ মাসে সর্বমোট আয় ৮,০৯,৩৮,৯৫৯.৫০ টাকা (আট কোটি নয় লক্ষ আটত্রিশ হাজার নয়শত উনষাট টাকা পঞ্চাশ পয়সা) টাকা। অপরদিকে ডিসেম্বর, ২০১৬ ও জানুয়ারি, ২০১৭ মাসে সর্বমোট ব্যয় ১১,৬৯,৩৩,৩১৮.০০ (এগার কোটি উনসত্তর লক্ষ তেত্রিশ হাজার তিনশত আঠার) টাকা।

**সিদ্ধান্ত :** ডিসেম্বর, ২০১৬ ও জানুয়ারি, ২০১৭ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো। ডিসেম্বর, ২০১৬ ও জানুয়ারি, ২০১৭ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

**আলোচ্য বিষয়-৪:** ঢাকা সেনানিবাস এলাকার (শিক্ষা প্রতিষ্ঠান, ব্যাংক, কমিউনিটি স্টোর, বেকারী, সিএসডি, সিনেমা হল ইত্যাদি প্রতিষ্ঠান) বিভিন্ন প্রতিষ্ঠান হতে ময়লা-আবর্জনা অপসারণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

**আলোচনা :** ঢাকা সেনানিবাস এলাকার বিভিন্ন প্রতিষ্ঠান হতে ময়লা-আবর্জনা ক্যান্টনমেন্ট বোর্ডের ট্রাক দ্বারা নিজস্ব ব্যবস্থাপনায় অপসারণ করা হয়। বর্তমানে ময়লা-আবর্জনা ফেলার মতো স্থান না থাকার কারনে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের এর নিজস্ব বর্জ্যবাহী গাড়ী দ্বারা ঢাকা সেনানিবাসের নির্ধারিত স্থান হতে ময়লা অপসারণ করে সিটি কর্পোরেশন এর নির্ধারিত স্থানে ফেলার জন্য টনপ্রতি ১০০০/-(এক হাজার) টাকা উত্তর সিটি কর্পোরেশনকে প্রদান সাপেক্ষে বর্জ্য অপসারণ করার করা যেতে পারে।

**সিদ্ধান্ত :** (ক) ঢাকা সেনানিবাসের বিভিন্ন প্রতিষ্ঠান হতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের এর নিজস্ব বর্জ্যবাহী গাড়ী দ্বারা ঢাকা সেনানিবাসের নির্ধারিত স্থান থেকে ময়লা/আবর্জনা/বর্জ্য অপসারণ করে সিটি কর্পোরেশন এর নির্ধারিত স্থানে ফেলার জন্য টনপ্রতি ১০০০/-(এক হাজার) সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/কর্তৃপক্ষের নিকট হতে আদায় করে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনকে প্রদান সাপেক্ষে বর্জ্য অপসারণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। প্রতিষ্ঠানভিত্তিক ময়লা/আবর্জনা/বর্জ্য অপসারণের মাসিক ফি'র হার পরিশিষ্ট-'খ' দ্রষ্টব্য। এ হার ফেব্রুয়ারি, ২০১৭ হতে কার্যকর হবে।

(খ) বিষয়টি সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।

(গ) ডিওএইচএসসমূহের ময়লা/আবর্জনা/বর্জ্য অপসারণের ক্ষেত্রে ডিওএইচএস পরিষদের সাথে মিটিং আহ্বান পূর্বক বিষয়টি আলোচনা করে চুক্তির মাধ্যমে ময়লা/আবর্জনা/বর্জ্য অপসারণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়াও সেনানিবাসের অভ্যন্তরে অবস্থিত বড় বড় প্রতিষ্ঠানের ময়লা/আবর্জনা/বর্জ্য অপসারণের ক্ষেত্রে চুক্তির মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(ঘ) ক্যান্টনমেন্ট বোর্ডের জন্য ড্রাম্পার কেনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(ঙ) ক্যান্টনমেন্ট বাজার/সিভিল এলাকার ময়লা/আবর্জনা/বর্জ্যের পরিমাপ নির্ণয় করে আগামী বোর্ড সভায় উপস্থাপন করতে হবে।

**আলোচ্য বিষয়-৫:** ক্যান্টনমেন্ট বাজার এলাকার সংশ্লিষ্ট প্লট মালিকদের নিকট বরাদ্দের অতিরিক্ত দখলীয় জমির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

**আলোচনা :** ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার মোট ১২৭ টি প্লট রয়েছে। উক্ত প্লট সমূহের বরাদ্দের অতিরিক্ত জমির বিষয়ে ২০০৩ সালে পরিমাপ করে মোট ৬৬ টি প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি রয়েছে মর্মে প্রকৌশল শাখা কর্তৃক তালিকা প্রস্তুত করা হয়। উক্ত প্লট সমূহের মধ্যে ইতোমধ্যে অনেক বাড়ী ভেঙ্গে নতুন বাড়ী নির্মাণ করায় প্লটে বরাদ্দের অতিরিক্ত জায়গা ছেড়ে দেয়া হয়েছে মর্মে প্লট মালিকগন জানিয়েছেন। বরাদ্দের অতিরিক্ত জমি দখল করে রাখায় বোর্ড আর্থিকভাবে বিশাল ক্ষতিগ্রস্থ হচ্ছে। বরাদ্দের অতিরিক্ত ০২ (দুই) কাঠা ও এর অধিক অধিক জমির স্বতন্ত্র প্লট করে লিজ প্রদান এবং ০২ (দুই) কাঠার নিচের জমিসমূহ সংশ্লিষ্ট প্লট মালিকের আবেদনের প্রেক্ষিতে কর ধার্য করে ভাড়া দেয়ার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত :** ক্যান্টনমেন্ট বাজার এলাকার বরাদ্দের অতিরিক্ত ০২ (দুই) কাঠা ও এর অধিক অধিক জমির স্বতন্ত্র প্লট করে লিজ প্রদান এবং ০২ (দুই) কাঠার নিচের জমিসমূহ সংশ্লিষ্ট প্লট মালিকের আবেদনের প্রেক্ষিতে প্রচলিত নিয়মে ধার্যকৃত টাকা পরিশোধ করে শুধুমাত্র ব্যবহারের অনুমতি প্রদানের জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হলো।

**আলোচ্য বিষয়-৬:** ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৭/এ ও ৬৭/বি এবং ৬৫/বি নং প্লটসমূহের ইজারা সংক্রান্ত জটিলতার বিষয়ে দুদকে প্রেরণ প্রসংগে।

**আলোচনা :** ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৭/এ ও ৬৭/বি এবং ৬৫/বি নং প্লটসমূহের ইজারা সংক্রান্ত বিষয়ে ২৮ ডিসেম্বর ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার-২ নং আলোচ্য বিষয়ে উপস্থাপন করা হলে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরকে বিগত বোর্ডসভার সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহন করতে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

অতঃপর সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাসের ০৪ জানুয়ারি ২০১৭ তারিখের ২৩.২২.০০০০.০১৪.৩৬.১০১.১৬-২৫ নং পত্রে ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৫/বি নং প্লটটি বরাদ্দ/ইজারা প্রদানের ক্ষেত্রে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, ঢাকা সেনানিবাস এবং প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অনুমোদন আছে কি না? কিংবা এই অফিসগুলো কোনভাবে সম্পৃক্ত ছিল কি না? সে বিষয়ে বিস্তারিত তথ্যসহ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করেছেন।

২৮ ডিসেম্বর ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার-২ নং আলোচ্য বিষয়ের সিদ্ধান্তের প্রেক্ষিতে এবং সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাসের ০৪ জানুয়ারি ২০১৭ তারিখের ২৩.২২.০০০০.০১৪.৩৬.১০১.১৬-২৫ নং পত্রের জবাব প্রেরণ করা হয়েছে। উল্লেখ্য যে, উক্ত ০৩টি প্লটের ইজারা সংক্রান্ত কাগজাদির ফটোকপি দুর্নীতি দমন কমিশন, ঢাকায় প্রেরণ করার বিষয়ে সভায় সবাই একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত :** বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৭/এ ও ৬৭/বি এবং ৬৫/বি নং প্লটসমূহের ইজারা সংক্রান্ত জটিলতা বিষয়টি তদন্তের মাধ্যমে নিস্পত্তি করার জন্য উক্ত প্লট ০৩টি ইজারা সংক্রান্ত কাগজাদির কপি ও তদন্ত প্রতিবেদনের কপি দুর্নীতি দমন কমিশনে প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

**আলোচ্য বিষয়-৭:** ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট হস্তান্তর অনুমতি ঃ-

| ক্রনং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতা/ আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ | ক্রেতা/গ্রহীতার নাম ও ঠিকানা | ডিজিএফআইএর ছাড়পত্র নম্বর ও তারিখ/ ডিক্লারেশন অব হেবা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | প্লট নং-৫৬, ফ্ল্যাট নং-৫/বি (৫ম তলা) রোড নং-৭, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব ইকবাল ইলিয়াছ সামী ও কানিজ ফাতেমা, বাড়ী নং-৫৬, ফ্ল্যাট নং-৭-বি, রোড নং-৭, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬ তারিখ-০৩/১১/২০১৬ | (১) ব্রিগেঃ জেনাঃ কাজী তৌফিকুল ইসলাম, পিতা-মরহুম কাজী নুরুল ইসলাম<br>(২) ইসরাত জাহান চৌধুরী, পিতা-আমির আলী চৌধুরী বাড়ী নং-৭৫, শহীদ মঈনুল রোড, ঢাকা সেনানিবাস। | ০১/১২/২০১৬ তারিখের ২৩.০১.৯০১.৮০০.০২.১২১.০১.০৮.১২.১৬-৩৪৩৬ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ২০৬০ বঃফুঃ ০১ টি ফ্ল্যাট (নিচ তলায় ০১টি কার পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ) বার্ষিক গৃহকর ১১২৫০/-টাকা জুন, ২০১৬ পরিশোধ। অননুমোদিত নির্মান ও বরাদ্দের অতিরিক্ত জমি নেই মর্মে প্রকৌশল শাখা কর্তৃক প্রতিবেদন দাখিল করা হয়েছে। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২. | প্লট নং-১৬/এফ, ফ্ল্যাট নং-বি/৫ (৬ষ্ঠ তলা), রোড নং-২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব মুহাম্মদ সাজেদুল আলম পিতা-মরহুম খোরশেদ আলম প্লট নং-১৬/এফ, ফ্ল্যাট নং-বি/৫ (৬ষ্ঠ তলা), রোড নং-২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তারিখ-১৯/০৭/২০১৬ | (১) মিসেস আমেনা মতিন স্বামী-মোহাম্মদ তারেক প্লট নং-১৬/এফ, ফ্ল্যাট নং-এ/১, রোড নং-২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ০১/১২/২০১৬ তারিখের ২৩.০১.৫০১.৩০০.১ ০.০২৯.০১.০১.১২.১ ৬ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ১৩৬০ বঃফুঃ ০১ টি ফ্ল্যাট (নিচ তলায় ০১টি কার পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ) বার্ষিক গৃহকর ৯০০০/- টাকা জুন, ২০১৭ পরিশোধ। অননুমোদিত নির্মান ও বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৬ ও ১৬/এফ নং প্লটের অননুমোদিত নির্মাণ ও বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। এছাড়াও ফ্ল্যাট ক্রেতাগণের অনুকূলে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্র পাওয়া গেছে।

সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বাজার এলাকার (১) ০৭ নং রোডে অবস্থিত ৫৬ নং প্লটে নির্মিত বাড়ীর ৫ম তলার ২০৬০ বর্গফুট বিশিষ্ট ৫/বি নং ফ্ল্যাটটি (নিচ তলায় ০১টি কার পার্কিংসহ) ১। ব্রিগেঃ জেনাঃ কাজী তৌফিকুল ইসলাম, পিতা-মরহুম কাজী নুরুল ইসলাম ও ২। ইসরাত জাহান চৌধুরী, পিতা-আমির আলী চৌধুরী বাড়ী এর নিকট যৌথভাবে অবিভক্ত/অচিহ্নিত অবস্থায় এবং (২) ২/এ রোডে অবস্থিত ১৬/এফ নং প্লটে নির্মিত বাড়ীর ৬ষ্ঠ তলার ১৩৬০ বর্গফুট বিশিষ্ট বি/৫ নং ফ্ল্যাটটি (নিচ তলায় ০১টি কার পার্কিংসহ) মিসেস আমেনা মতিন, স্বামী-মোহাম্মদ তারেক এর নিকট অবিভক্ত/অচিহ্নিত অবস্থায় বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-৮: ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট নামজারী ঃ

| ক্র নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতার নাম ও ঠিকানা | গ্রহীতা/ক্রেতার নাম, ঠিকানা ও আবেদনের তারিখ | ডিজিএফআইএর ছাড়পত্র /রেজিস্ট্রিকৃত হেবাদলিলমূলে | বিক্রয়/হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | প্লট নং-২০, ফ্ল্যাট নং-এবি-৫,৬ষ্ঠ তলা, (পূর্ব পার্শ্ব বিল্ডিং) রোড নং-৪ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মেহেরুন নেছা বেগম, স্বামী-প্রফেসার মোহাম্মদ আবদুল্লাহ, বাড়ী নং-২০, রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস শাহিন সিদ্দিক স্বামী-জনাব তারিক আহমেদ সিদ্দিক, বাড়ী নং-১২২/২, রোড নং-০১, ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস। তারিখ-০২/২০১৭ | ২৭/৯/২০১৬ তারিখের ২৩.০৫.৫০১.৩০০. ১০.০২৯.০১.২৭.০৯ .১৬ নং পত্র। | ০৩/৯/২০১৬ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃ এঃ/প্লট নং-২০/ফ্লাট নং-এবি-৫/৬ষ্ঠ তলা/(পূর্ব পার্শ্ব বিল্ডিং)/২১ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ৩৪০০ বঃফুঃ (নিচ তলায় ০২(দুই)টি গাড়ী পার্কিং(পার্কিং নং-১৬ ও ১৭), এবং আনুপাতিক হারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ)। অননুমোদিত নির্মান নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখল নেই। |

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৪ নং রোডে ১০৮৯০ বর্গফুট বা ১৫ কাঠা জমি বিশিষ্ট ২০ নং প্লটের পূর্ব পার্শ্বে ১২.৫০(সাড়ে বার) কাঠা ভূমির উপর নির্মিত ০৭ তলা বাড়ীর ৩৪০০ বর্গফুট আয়তন বিশিষ্ট এবি-৫ ৬ষ্ঠ তলা (পূর্ব পার্শ্বের বিল্ডিং) নং ফ্ল্যাটটি ও বেজমেন্টে ২(দুই) টি গাড়ী পার্কিং (পার্কিং নং-১৬ ও ১৭), এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ অত্র দপ্তরের ০৩ নভেম্বর ২০১৬ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-২০/ফ্ল্যাট নং-এবি-৫/৬ষ্ঠ তলা/(পূর্ব পার্শ্বের বিল্ডিং)/২১ নং পত্রে মিসেস শাহিন সিদ্দিক, স্বামী-জনাব তারিক আহমেদ সিদ্দিক এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে ফ্ল্যাটটির মালিক মিসেস মেহেরুন নেছা বেগম প্রস্তাবিত ক্রেতা মিসেস শাহিন সিদ্দিক, স্বামী-জনাব তারিক আহমেদ সিদ্দিক এর নামে রেজিষ্ট্রি দলিল সম্পাদন করে দেন। অতঃপর ফ্ল্যাটটির ক্রয় সূত্রে মালিক মিসেস শাহিন সিদ্দিক, স্বামী-জনাব তারিক আহমেদ সিদ্দিক রেজিস্ট্রিকৃত দলিলের কপিসহ উক্ত ফ্ল্যাটটি তার নামে নামজারী করার জন্য ০৫ ফেব্রুয়ারি,২০১৭ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উল্লেখ্য যে, উক্ত প্লটে কোন অননুমোদিত নির্মাণ নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে রেজিষ্ট্রিকৃত হস্তান্তর দলিলমূলে ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৪ নং রোডে ১০৮৯০ বর্গফুট বা ১৫ কাঠা জমি বিশিষ্ট ২০ নং প্লটের পূর্ব পার্শ্বে ১২.৫০(সাড়ে বার) কাঠা ভূমির উপর নির্মিত ০৭ তলা বাড়ীর ৩৪০০ বর্গফুট আয়তন বিশিষ্ট এবি-৫ ৬ষ্ঠ তলা (পূর্ব পার্শ্বের বিল্ডিং) নং ফ্ল্যাটটি ও বেজমেন্টে ২(দুই) টি গাড়ী পার্কিং (পার্কিং নং-১৬ ও ১৭), এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ মিসেস শাহিন সিদ্দিক, স্বামী-জনাব তারিক আহমেদ সিদ্দিক এর নামে নামজারীর করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-৯: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৬/সি নং প্লটে নির্মিত বাড়ীর এ/১, এ/৩, এ/৫ এবং বি/৩ নং ফ্ল্যাট ০৪ টি উত্তরাধিকারীগণের নামে নামজারী প্রসংগে।

আলোচনা : নথি দৃষ্টে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৬/সি নং প্লটে নির্মিত ১৫ (চৌদ্দ) টি ফ্ল্যাট বিশিষ্ট ০৬(ছয়) বাড়ীর মালিক জনাব ফজলুল হক খান। উক্ত নির্মিত বাড়ীর ১৫ টি ফ্ল্যাটের মধ্যে ১১(এগার) ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তর করা হয়েছে এবং বর্তমানে প্লট মালিকের মালিকানায় ০৪(চার) টি অর্থ্যাৎ এ/১, এ/৩, এ/৫ এবং বি/৩ নং ফ্ল্যাট রয়েছে। জনাব ফজলুল হক খান ৯/৬/২০১৬ তারিখে মৃত্যুবরণ করেছেন। মৃত্যুকালে তিনি নিম্নোক্ত ওয়ারিশগন রেখে গেছেন ঃ

| ক্রঃ নং | ওয়ারিশগনের নাম | সম্পর্ক |
|---|---|---|
| ১। | সকিনা হক | স্ত্রী |

| | | |
|---|---|---|
| ২। | ফয়জি আরা বেগম | কন্যা |
| ৩। | মোজাম্মেল হক | পুত্র |
| ৪। | মোঃ এমদাদুল হক | পুত্র |
| ৫। | রাশেদুল হক | পুত্র। |

উক্ত ওয়ারিশগনের মধ্যে জনাব মোজাম্মেল হক, পিতা-মৃত ফজলুল হক খান ২৬/সি নং প্লটে নির্মিত বাড়ীর এ/১, এ/৩, এ/৫ এবং বি/৩ নং (চার)টি ফ্ল্যাট তাদের ওয়ারিশগনের নামে নামজারী করার জন্য ১২ জানুয়ারি ২০১৭ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উল্লেখ্য যে, উক্ত প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি নেই।

সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৬/সি নং প্লটে নির্মিত বাড়ীর এ/১, এ/৩, এ/৫ এবং বি/৩ নং ফ্লাট ০৪ টি উত্তরাধিকারীগণের নামে নামজারী করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-১০: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৫ নং প্লটে নির্মিত ০৬ তলা বাড়ীর ৫ম তলার সি-৪ নং ফ্ল্যাটটি মিসেস নাসিমা কবির কর্তৃক ভাই এটিএম ইয়াছিন ফেরদৌস-কে দান/হেবামূলে হস্তান্তরের অনুমতি প্রসংগে।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৪৪৫ বর্গফুট বা ৭.৫০ কাঠা জমি বিশিষ্ট ৬৫ নং প্লটের আপোষ বন্টননামা দলিলমূলে মালিক যথাক্রমে (১) জনাব এটিএম ইয়াছিন ফেরদৌস, (২) জনাব নাসিম ফেরদৌস, (৩) মিসেস সেলিনা চৌধুরী, (৪) মিসেস সাহানা এফ আলী ও (৫) মিসেস নাসিমা কবির সর্বপিতা-মৃত এম এ মালেক। উক্ত প্লটে নির্মিত বাড়ীর ৫ম তলার-১০৫০ বর্গফুট আয়তন (কমবেশী) বিশিষ্ট সি-৪ নং ফ্ল্যাট এবং আনুপাতিক হারে অবিভক্ত/অচিহ্নিত ১৪৪.৪০ বর্গফুট জমির মালিক মিসেস নাসিমা কবির। তিনি উক্ত ফ্ল্যাটটি তাঁর ভাই এটিএম ইয়াছিন ফেরদৌসকে রেজিষ্ট্রিকৃত দানপত্রের মাধ্যমে দান করার অনুমতি চেয়ে অত্র দপ্তরে আবেদন করেছেন।

সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৪৪৫ বর্গফুট বা ৭.৫০ কাঠা জমি বিশিষ্ট ৬৫ নং প্লটের নির্মিত বাড়ীর ৫ম তলার-১০৫০ বর্গফুট আয়তন (কমবেশী) বিশিষ্ট সি-৪ নং ফ্ল্যাট এবং আনুপাতিক হারে অবিভক্ত/অচিহ্নিত ১৪৪.৪০ বর্গফুট জমিসহ রেজিষ্ট্রিকৃত দানপত্রের মাধ্যমে এটিএম ইয়াছিন ফেরদৌস-কে দান/হেবামূলে হস্তান্তরের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-১১: ঢাকা সেনানিবাসের কাফরুল মৌজার জমি নিয়ে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত ০৩ টি মামলা পরিচালনার নিমিত্তে এডভোকেট মনজিল মোরশেদ এর ৩,৩১,৮০০/-(তিন লক্ষ একত্রিশ হাজার আটশত) টাকার বিল পরিশোধ প্রসংগে।

সিদ্ধান্ত : ঢাকা সেনানিবাসের কাফরুল মৌজার জমি নিয়ে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত ৩৯২১/১৬, ৩৯২২/১৬ এবং ৩৩২৩/১৬ নং মামলা ০৩ টি পরিচালনার নিমিত্তে ৩,৩১,৮০০/-(তিন লক্ষ একত্রিশ হাজার আটশত) টাকার বিল এডভোকেট মনজিল মোরশেদ-কে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-১২: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭৪ নং প্লট সংলগ্ন ১০৬০ বর্গফুট (কম/বেশী) বরাদ্দের অতিরিক্ত দখলীয় জমি সংক্রান্ত মামলা পরিচালনার ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকার বিল পরিশোধের ঘটনোত্তর অনুমোদন প্রসংগে।

আলোচনা : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৪৪৫ বর্গফুট বিশিষ্ট ৭৪ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর মালিক মিসেস শামীমা এ খান, স্বামী- জনাব এম আতিকুল্লাহ খান মাসুদ। উক্ত প্লট সংলগ্ন ১০৬০ বর্গফুট (কম/বেশী) অতিরিক্ত জমি তাঁর দখলে থাকায় ১৩/৩/২০০৩ তারিখে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক তা দখল মুক্ত করে অত্র দপ্তরের নিয়ন্ত্রণে আনা হয়। ইহার প্রেক্ষিতে প্লটের মালিক কর্তৃক ক্যান্টনমেন্ট বোর্ডের বিরুদ্ধে মাননীয় হাইকোর্টে ৫০০২/২০০৩ নং মামলা দায়ের করেন। উক্ত মামলা ক্যান্টনমেন্ট বোর্ডের পক্ষে সিনিয়র এডভোকেট খন্দকার মাহবুব উদ্দিন পরিচালনা করে আসছিলেন। বিগত ২৯/৬/২০০৯ তারিখে মহামান্য হাইকোর্টে উভয় পক্ষের শুনানী অন্তে রুল অবসুলুট করেন এবং দরখাস্তকারী মিসেস শামীমা এ খান এর বরাবরে আলোচ্য ১০৬০ বর্গফুট খালী ভূমি রায় প্রাপ্তির ০৩(তিন) মাসের মধ্যে লীজ দলিল সম্পাদন করে দিতে উক্ত রায়ে আদেশ প্রদান করেন। যার প্রেক্ষিতে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক মহামান্য সুপ্রীম কোর্টের আপিল বিভাগে সিএমপি ৩৯৯ দাখিল করা হয়। উল্লেখ্য যে ক্যান্টনমেন্ট বোর্ডের পক্ষের আইনজীবি খন্দকার মাহবুব উদ্দিন উক্ত মামলা পরিচালনায় বিব্রত বোধ করায় জনাব ফিদা কামাল, বার এট ল এর সহিত যোগাযোগ করা হয়। কিন্তু তিনিও উক্ত মামলা পরিচালনায় অনীহা প্রকাশ করেন।

পরবর্তীতে জনাব আক্তার ইমাম, বার এট ল এর সহিত মামলা পরিচালনার জন্য যোগাযোগ করা হলে তিনি সম্মতি জ্ঞাপন করেন এবং তিনি তাঁর ফি ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার দাবী লিখিতভাবে জানিয়ে দেন। উক্ত টাকার মধ্যে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা পরিশোধ করা হয়েছিল। অবশিষ্ট ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা পরিশোধের জন্য ২৮/১/২০১০ তারিখের অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-০৯ এর মাধ্যমে উপস্থাপন করা হলে বোর্ড বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করে ঃ-

'ক্যান্টনমেন্ট বাজার এলাকার যে সকল প্লটের সঙ্গে বরাদ্দের অতিরিক্ত জমি রয়েছে তা উদ্ধার করে স্বতন্ত্র প্লট করা না গেলে বা অন্য কোন কাজে ব্যবহার করা না গেলে এবং সংশ্লিষ্ট বরাদ্দলাভকারীগণ যদি প্লট সংলগ্ন অতিরিক্ত জমি বরাদ্দের জন্য আবেদন করেন তবে তা বর্তমান বাজার মূল্য পরিশোধ সাপেক্ষে তাঁদের অনুকূলে বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।'

এরই মধ্যে উল্লেখিত ৭৪ নং প্লট সংলগ্ন ১০৬০ বর্গফুট জমি লীজ/বরাদ্দ চেয়ে প্লটের মালিকের পক্ষে তাঁর স্বামী- জনাব এম আতিকউল্লাহ খান মাসুদ গত ২০/৪/২০১০ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। তৎপ্রেক্ষিতে আবেদনপত্রটি ৩১/৫/২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যসূচী-০৮ এর মাধ্যমে উপস্থাপন করা হলে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭৪ নং প্লট সংলগ্ন ১০৬০ বর্গফুট জমির সাথে অন্যান্য আবেদনকারীদের জমি বরাদ্দের ক্ষেত্রে কি নীতিমালা অনুসৃত হবে সে বিষয়ে একটি নীতিমালা প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

অতঃপর উক্ত সিদ্ধান্তের আলোকে অতিরিক্ত জায়গা বরাদ্দের জন্য নীতিমালা প্রণয়ন ও জমির মূল্য নির্ধারণের নিমিত্তে ১০/১১/২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যসূচী-১০ এর সিদ্ধান্তে (১) সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস, সভাপতি (২) নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড, সদস্য (৩) রেভিনিউ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কে, সদস্য করে একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি কর্তৃক সাব রেজিষ্ট্রার, গুলশান, ঢাকা হতে ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার জমির (লালাসরাই মৌজার) বর্তমান বাজার দর সংগ্রহ করে। ৭৪ নং প্লটের মালিক মিসেস শামীমা এ খান এর পক্ষে স্বামী-মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ এর ৮/৩/২০১১ তারিখের আবেদনসহ গত ১৮/৯/২০১১ তারিখে ১৬/জি নং প্লটের মালিক সাবেরা আহমেদ চৌধূরী (কলি), স্বামী- বিচারপতি এ,এইচ,এম শামসুদ্দিন চৌধূরী (মানিক) এর আবেদনপত্র এবং ২৭/বি নং প্লটের মালিকগনের পক্ষে এম আতিকুল্লাহ খান মাসুদ এর ১০/২/২০১১ তারিখের আবেদনপত্রসমূহ গত ১৭/১০/১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার অলোচ্যসূচী-৮ এর মাধ্যমে উপস্থাপন করা হলে বোর্ড নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন ঃ-
"বিষয়টি সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির পরবর্তী সভায় উপস্থাপনের জন্য প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।"

কিন্তু সংশ্লিষ্ট প্লটসমূহ ক্যান্টনমেন্ট বোর্ডের নিজস্ব/সি শ্রেণীভূক্ত জমি বিধায় পরবর্তী ২৬/১২/২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-০৯ এর মাধ্যমে পুনরায় উপস্থাপন করা হলে বোর্ড নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করে ঃ-
*"সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস, নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও রেভিনিউ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সমন্বয়ে গঠিত কমিটির মতামত অনুসারে ক্যান্টনমেন্ট বাজার এলাকার বিভিন্ন প্লট সংলগ্ন অতিরিক্ত জমি উদ্ধার করে স্বতন্ত্র প্লট না করা গেলে বরাদ্দলাভকারীগণ যদি প্লট সংলগ্ন অতিরিক্ত জমি বরাদ্দের জন্য আবেদন করেন তবে তা বর্তমান বাজার মূল্যের ০৩ গুন মূল্য এবং প্রচলিত নিয়ম অনুযায়ী খাজনা পরিশোধ সাপেক্ষে বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। সেপ্রেক্ষিতে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৬/জি নং প্লটের মালিক মিসেস সাবেরা আহমেদ (কলি), স্বামী-বিচারপতি এ এইচ এম শামসুদ্দিন চৌধূরী (মানিক), ২৭/বি নং প্লটের মালিকগণের পক্ষে এম আতিকুল্লাহ খান মাসুদ এবং ৭৪ নং প্লটের মালিক মিসেস শামীমা এ খান, স্বামী-এম আতিকুল্লাহ খান মাসুদ এর প্লট সংলগ্ন অতিরিক্ত জমি বরাদ্দের আবেদন পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।"*

পরবর্তীতে উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে ক্যান্টনমেন্ট বোর্ডের ৩১ জানুয়ারি ২০১২ তারিখের ঢাক্যাবো/ ক্যাঃবাঃএঃ/এলএ/৫/১০/২৪০ নং পত্রের মাধ্যমে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব হলে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর কর্তৃক ২৬ ফেব্রুয়ারি ২০১২ তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/ ১৪১-৭৪-২/শা-৩/৪৯ নং পত্রের মাধ্যমে ক্যান্টনমেন্ট বাজার এলাকার সি শ্রেণীভূক্ত জমি বরাদ্দের জন্য সিএলএ রুলস-১৯৩৭ এর ২৬ বিধি অনুযায়ী সিডিউল-৫ ফরম পুরণ করা প্রয়োজন কিন্তু উহা প্রেরণ করা হয়নি বিধায় বিষয়টির উপর পরবর্তী কার্যক্রম গ্রহন করা সম্ভব হচ্ছে না মর্মে জানিয়েছেন।
অতঃপর ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭৪ নং প্লট সংলগ্ন ১০৬০ বর্গফুট (কম/বেশী) বরাদ্দের অতিরিক্ত দখলীয় জমি সংক্রান্ত ১৩৬/২০১০ মামলা পরিচালনার নিমিত্তে ইতোপূর্বে বোর্ড কর্তৃক সিনিয়র আইনজীবি আখতার ইমাম, বার এট ল এর দাখিলকৃত ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকার বিল পরিশোধের জন্য ১৩ আগস্ট ২০১২ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার-২০বিবিধ-৫ নং আলোচ্যসূচীতে উপস্থাপন করা হলে বোর্ড নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করে ঃ

"বিস্তারিত আলোচনান্তে উক্ত মোকদ্দমায় নিয়োজিত সিনিয়র আইন উপদেষ্টা জনাব আখতার ইমাম, বার এট ল যদি চাহিত অর্থের মধ্যে ক্যান্টনমেন্ট বোর্ডের স্বার্থ ইতিবাচক ভাবে রক্ষা করে মামলা সমাপ্ত করতে পারেন তাহলে তা চুক্তিপত্রের মাধ্যমে মামলা সমাপ্তিতে পরিশোধ করার সিদ্ধান্ত হলো। অন্যথায় নতুন আইন উপদেষ্টা নিয়োগ করা হোক......"।

ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭৪ নং প্লট সংলগ্ন বরাদ্দের অতিরিক্ত ১০৬০ বর্গফুট (কম/বেশী) জমি দখল সংক্রান্ত বিষয়ে মহামান্য সুপ্রীমকোর্টের আপীল বিভাগে সিভিল আপীল নং ১৩৬/২০১০ পরিচালনার নিমিত্তে সিনিয়র

আইনজীবি আখতার ইমাম, বার এট ল এর দাখিলকৃত ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকার বিল পরিশোধ না করায় উক্ত মামলাটি খারিজ হয়। বিষয়টি ২৭ অক্টোবর ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার ৮ নং আলোচ্য বিষয়ে উপস্থাপন করা হলে বোর্ড ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭৪ নং প্লটে বরাদ্দের অতিরিক্ত প্লট সংলগ্ন ১০৬০ বর্গফুট (কম/বেশি) জমির বিষয়ে আপীল বিভাগের আদেশের বিরুদ্ধে লীভ টু আপীল করার সিদ্ধান্ত প্রদান করে।

উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে সিভিল আপীল মোকদ্দমাটি শুনানীর জন্য মহামান্য সুপ্রীম কোর্টের বিচারপতি (অবঃ) শহিদুল ইসলাম সদয় সম্মতি জ্ঞাপন করেছেন মর্মে বোর্ডের আইন উপদেষ্টা জানিয়েছেন এবং মহামান্য সুপ্রীমকোর্টের আপীল বিভাগে লীভ টু আপীল করে মোকাদ্দমাটি পুনরুজ্জীবিত করা হয়। বর্তমানে উক্ত মোকদ্দমাটি শুনানীর পূর্বেই আইনজীবির বিল পরিশোধ করার জন্য ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আইন উপদেষ্টা বেগম রেজিনা মাহমুদ ০৯ জানুয়ারি,২০১৭ তারিখে এবং বিচারপতি (অবঃ) শহিদুল ইসলাম ১৭ জানুয়ারি ২০১৭ তারিখে ৫,০০,০০০.০০ (পাঁচলক্ষ) টাকা টাকার বিল দাখিল করেছেন। উল্লেখ্য যে, ইতোপূর্বে আইনজীবির বিল পরিশোধ না করার ফলে আইনজীবি শুনানীতে উপস্থিত হননি বিধায় মামলাটি খারিজ হয়ে যায় এবং বর্তমানে মামলার শুনানীর পূর্বেই আইনজীবির বিল পরিশোধ হওয়া আবশ্যক, অন্যথায় মোকদ্দমাটি পুনরায় খারিজ হলে সেক্ষেত্রে তা পুরুজ্জীবিত করা সম্ভব হবে না মর্মে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আইন উপদেষ্টা বেগম রেজিনা মাহমুদ জানিয়েছেন।

এমতাবস্থায় ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭৪ নং প্লট সংলগ্ন বরাদ্দের অতিরিক্ত ১০৬০ বর্গফুট (কম/বেশী) জমি দখল সংক্রান্ত বিষয়ে মহামান্য সুপ্রীমকোর্টের আপীল বিভাগে সিভিল আপীল নং ১৩৬/২০১০ পরিচালনার নিমিত্তে মহামান্য সুপ্রীম কোর্টের বিচারপতি (অবঃ) শহিদুল ইসলাম-কে নিয়োগের জন্য অনুমোদন এবং দাখিলকৃত ৫,০০,০০০.০০ (পাঁচলক্ষ) টাকার বিল পরিশোধের অনুমোদন করা যেতে পারে।

সিদ্ধান্ত : মহামান্য সুপ্রীমকোর্টের আপীল বিভাগে সিভিল আপীল নং ১৩৬/২০১০ পরিচালনার নিমিত্তে মহামান্য সুপ্রীম কোর্টের বিচারপতি (অবঃ) শহিদুল ইসলাম-কে নিয়োগের জন্য অনুমোদন এবং দাখিলকৃত ৫,০০,০০০.০০ (পাঁচলক্ষ) টাকার বিল পরিশোধের ঘটনোত্তর অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করতে হবে। উক্ত ব্যয় বোর্ড তহবিল হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-১৩: ঢাকা সেনানিবাসের কাফরুল মৌজার জমি নিয়ে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-৬০৫৭/২০০৩, ৬০৫৮/২০০৩ এবং ৬২২৪/২০০৩ এর মোকদ্দমার এবং ১৩৬/২০১০ নং মামলার কাগজপত্রাদি ও রায়ের সই মহুরী উত্তোলন করার জন্য এডভোকেট রেজিনা মাহমুদ এর মোট (১৫০০০+৩৫,০০০) = ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকার বিল পরিশোধ প্রসংগে।

সিদ্ধান্ত : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আইন উপদেষ্টা এডভোকেট রেজিনা মাহমুদ এর দাখিলকৃত মোট (১৫,০০০+৩৫,০০০) = ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকার বিল পরিশোধের অনুমোদন প্রদান করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

আলোচ্য বিষয়-১৪: রজনীগন্ধা সুপার মার্কেটস্থিত রজনীগন্ধা টাওয়ার কার পার্কিং ইজারার প্রাপ্ত দর অনুমোদন প্রসংগে।

আলোচনা : রজনীগন্ধা সুপার মার্কেটস্থিত রজনীগন্ধা টাওয়ার কার পার্কিং ইজারা প্রদানের জন্য স্থানীয় বিজ্ঞপ্তি প্রকাশ করে ১৫ ডিসেম্বর ২০১৬ তারিখে দরপত্র আহবান করা হয়। উক্ত তারিখে মোট ০৭(সাত) টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে জনাব মোঃ বেল্লাল হোসেন. পিতা-মৃত হাজী নজীর আহম্মেদ কর্তৃক প্রদত্ত দৈনিক ৭,০১৫/-(সাত হাজার পনের) টাকার দরটি সর্বোচ্চ হয়। উক্ত প্রাপ্ত সর্বোচ্চ ৭,০১৫/-(সাত হাজার পনের) টাকার দরটি অনুমোদন করা যেতে পারে।

সিদ্ধান্ত : রজনীগন্ধা সুপার মার্কেটস্থিত রজনীগন্ধা টাওয়ার কার পার্কিং ইজারার নিমিত্ত জনাব মোঃ বেল্লাল হোসেন. পিতা-মৃত হাজী নজীর আহম্মেদ কর্তৃক প্রদত্ত দৈনিক ৭,০১৫/-(সাত হাজার পনের) টাকার দরটি অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো এবং নিম্নোক্ত হারে সামরিক, সরকারী এবং গোয়েন্দা সংস্থার যানবাহন ব্যতিত টোল চার্জ ধার্য করা হলো :-

| | |
|---|---|
| (১) প্রাইভেট কার/জীপ | = ২০/- (বিশ) টাকা। |
| (২) মোটর সাইকেল | = ১০/- (দশ) টাকা। |
| (৩) পিকাপ/বাস | = ৫০/- (পঞ্চাশ) টাকা। |
| (৪) ট্রাক | = ১০০/- (একশত) টাকা। |

আলোচ্য বিষয়-১৫: রজনীগন্ধা সুপার মার্কেটের কার পার্কিং টোল ফি আদায়ের ইজারার দর অনুমোদন ও উক্ত টোল ফি বৃদ্ধির বিষয়ে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ০৩ জানুয়ারি ২০১৭ তারিখের ৬০৪/১/এ নং পত্রের সাথে প্রাপ্ত জনাব মোঃ আল আমীন মোল্লার আবেদন পত্রের উপর আলোচনা।

আলোচনা : (ক) রজনীগন্ধা সুপার মার্কেটের কার পার্কিং ০১ ডিসেম্বর ২০১৬ তারিখ হতে ৩০ নভেম্বর ২০১৭ তারিখ পর্যন্ত ০১ বছর মেয়াদে দৈনিক ভিত্তিতে ইজারা প্রদানের জন্য স্থানীয় বিজ্ঞপ্তি প্রকাশ করে ০৮ ডিসেম্বর ২০১৬ তারিখে দরপত্র আহবান করা হয়। উক্ত তারিখে মোট ০৫ টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে জনাব মোঃ আল আমিন মোল্লা,পিতা-মোঃ আলী মোল্লা, বাড়ী নং-৫৬৬, উত্তর কাফরুল, ঢাকা কর্তৃক প্রদত্ত দৈনিক ৫০১৫/-(পাঁচ হাজার পনের) টাকার

দরটি সর্বোচ্চ হয়। উক্ত সর্বোচ্চ প্রাপ্ত দরটি অনুমোদনের বিষয়ে আলোচনা।

(খ) উক্ত ইজারা গ্রহীতা জনাব মোঃ আল আমিন মোল্লা পার্কিং স্থানে টোল আদায়ের পরিমান বৃদ্ধির জন্য সভাপতি, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস বরাবর ২৯ ডিসেম্বর ২০১৬ তারিখে আবেদন করেন। উক্ত আবেদনপত্রটি স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ০৩ জানুয়ারি ২০১৭ তারিখের ৬০৪/১/এ নং পত্রে অত্র দপ্তরে প্রেরণ করেন। উল্লেখ্য যে, ইজারার শর্তাবলীতে সামরিক, সরকারী এবং গোয়েন্দা সংস্থার যানবাহন ব্যতিত সকল স্টীকারযুক্ত যানবাহন ও বেসামরিক যানবাহসমূহ পার্কিং এলাকায় ০৩(তিন) ঘন্টা অবস্থানের জন্য নিম্নোক্ত হারে টোল চার্জ ধার্য ছিল ঃ-

(১) প্রাইভেট কার/জীপ = ১০/-টাকা।
(২) মোটর সাইকেল = ৫/-টাকা।
(৩) পিকাপ = ২০/-টাকা।

সিদ্ধান্ত : সভায় বিস্তারিত আলোচনান্তে জনাব মোঃ আল আমিন মোল্লা, পিতা-মোঃ আলী মোল্লা, বাড়ী নং-৫৬৬, উত্তর কাফরুল, ঢাকা কর্তৃক প্রদত্ত দৈনিক ৫০১৫/-(পাঁচ হাজার পনের) টাকার দরটি সর্বোচ্চ হওয়ায় অনুমোদনসহ সামরিক, সরকারী এবং গোয়েন্দা সংস্থার যানবাহন ব্যতিত সকল স্টীকারযুক্ত যানবাহন ও বেসামরিক যানবাহসমূহ পার্কিং এলাকায় ০৩(তিন) ঘন্টা অবস্থানের জন্য নিম্নোক্ত হারে টোল চার্জ ধার্য করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

(১) প্রাইভেট কার/জীপ = ২০/- (বিশ) টাকা।
(২) মোটর সাইকেল = ১০/- (দশ) টাকা।
(৩) পিকাপ/বাস = ৫০/- (পঞ্চাশ) টাকা।
(৪) ট্রাক = ১০০/- (একশত) টাকা।

আলোচ্য বিষয়-১৬: ডিসেম্বর, ২০১৬ মাসের স্বাস্থ্য প্রতিবেদন।

আলোচনা : স্টেশন হেলথ অফিসার কর্তৃক উপস্থাপিত স্বাস্থ্য প্রতিবেদন পর্যালোচনায় সেনানিবাসের পরিষ্কার পরিচ্ছন্নতা সন্তোষজনক আছে মর্মে মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : ডিসেম্বর, ২০১৬ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো।

আলোচ্য বিষয়-১৭: সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল (সাবেক সাত্তার মার্কেট) এর নীচতলার ০২ নং দোকানটির ভাড়াটিয়া জনাব মোঃ হামিদ শিকদার কর্তৃক হস্তান্তর/নামজারির আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : নথি দৃষ্টে ০৫/১১/১৯৯৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার সিদ্ধান্তক্রমে অত্র দপ্তরের ১৭ নভেম্বর ১৯৯৮ তারিখের ঢাক্যাবো/জেনারেল/১০৫/৬/২৩৪ নং পত্রে শহীদ সাত্তার মার্কেট এর ২ নং দোকানটি সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ০১(এক) বছর মেয়াদে জনাব আবদুল হামিদ শিকদার-কে বরাদ্দ প্রদান করা হয় এবং ক্যান্টনমেন্ট বোর্ডের সাথে একটি চুক্তিপত্র সম্পাদন করা হয়।

উক্ত চক্তিপত্রে উল্লেখ আছে যে, (ঝ) "যদি ইজারা গ্রহীতা ইজারার মেয়াদ শেষ হইবার পূর্বে কিংবা ইজারা সমাপ্তি ঘটাইবার পূর্বে মৃত্যুবরণ করেন, সে ক্ষেত্রে মৃত্যু ব্যক্তির উত্তরাধিকারী/উত্তরাধিকারীগণ (যদি ইজারাদাতা কর্তৃক লিখিতভাবে অনুমোদিত হন, তাহা হইলে তিনি/তাঁহারা) উক্ত দোকান উপরোল্লিখিত ব্যক্তির মৃত্যুর তারিখ হইতে দোকান ইজারা চুক্তি শেষ সময়সীমা পর্যন্ত চালাইতে পারিবেন"

পরবর্তীতে মেয়াদ উত্তীর্ণের পর ২৯ জুলাই ২০০৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার-৩২ নং সিদ্ধান্তের প্রেক্ষিতে অত্র দপ্তরের ২৪ আগস্ট ২০০৪ তারিখের ঢাক্যাবো/জেনারেল/১০৫/৭/১৬৭ নং পত্রে দোকানটি কোন ক্রমেই হস্তান্তরযোগ্য নয় মর্মে সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারের হাসপাতাল কমপ্লেক্স এর নীচতলায় স্থানান্তর করার জন্য অনুরোধ করা হয়। অতঃপর ২৯/৭/২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার-১৪ নং সিদ্ধান্তে সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারের হাসপাতাল (সাবেক সাত্তার মার্কেট) এর নীচতলায় ০১ হতে ০৬ নং এর বিষয়ে একটি কমিটি গঠন করা হয়। উক্ত গঠিত কমিটির প্রতিবেদন ১২ মে ২০১১ তারিখে অনুষ্টিত বোর্ডসভার-১৫ আলোচ্যসূচীতে উপস্থাপন করা হলে বোর্ড নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করে ঃ

" সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের নিচতলায় ছয়টি দোকানের ভাড়া ও মেয়াদ বৃদ্ধিসহ অন্যান্য বিষয়ে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হলো ঃ

(১) সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারের হাসপাতালের উল্লেখিত ০৬(ছয়)টি দোকানের ভাড়ার মেয়াদকাল ০৫(পাঁচ) বছর করা হলো।

(২) প্রতিটি দোকানের নিরাপত্তা জামানত (ফেরতযোগ্য) হিসেবে ০৫(পাঁচ) বৎসরের জন্য ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা এককালীন ক্যান্টনমেন্ট বোর্ডে পরিশোধ করতে হবে।

(৩) প্রতিটি দোকানের ভাড়া প্রতি বর্গফুট ৩০/-টাকা ধার্য করা হলো। প্রতি বৎসর উক্ত ভাড়া ১০% হারে বর্ধিত করা হবে।

(৪) দোকান কোন অবস্থাতেই হস্তান্তরযোগ্য নহে।

(৫) জীবন রক্ষাকারী প্রয়োজনীয় ঔষধ সার্বক্ষণিকভাবে সংরক্ষণ করতে হবে। উক্ত ঔষধের গুণগত মান সঠিক রাখার জন্য ফ্রীজে সংরক্ষন করতে হবে। মেয়াদ উত্তীর্ণ বা নেশা জাতীয় ঔষধ দোকান রাখা যাবে না। অন্যান দোকনের ক্ষেত্রেও তাদের পণ্যসমূহের মান বজায় রাখতে হবে।

(৬) কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতীত কোন অবস্থাতেই ব্যবসার ধরণ পরিবর্তন করা ডাবে না।"

উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে দোকান ভাড়াটিয়া জনাব আবদুল হামিদ শিকদার কে পত্র প্রদান করা হলে তিনি ফেরতযোগ্য জামানত ও মাসিক ভাড়া হতে অব্যহতি প্রদানের জন্য আবেদন করেন। উক্ত আবেদনপত্রটি ২৬ ডিসেম্বর ২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার-১৩ নং আলোচ্যসূচীতে উপস্থাপন করা হলে বোর্ড ফেরতযোগ্য জামানত ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকার পরিবর্তে ২,৫০,০০০/-(দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা পুনঃনির্ধারনের সিদ্ধান্ত প্রদান করে। সর্বশেষ ০৩ মে ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার-১৬ নং আলোচ্য বিষয়ের সিদ্ধান্তে মাসিক ৭,০০০/-(সাত হাজার) টাকা ভাড়ায় ১/৭/২০১৫ হতে ৩০/৬/২০১৮ পর্যন্ত ০৩(তিন) বছরের জন্য উক্ত দোকানটি ভাড়া প্রদান করা হয়েছে। জনাব মোঃ আবদুল হামিদ শিকদার সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল (সাবেক সাত্তার মার্কেট) এর নিচতলার ০২ নং দোকানটি তাঁর ঘনিষ্ঠ আত্নীয়ের নিকট হস্তান্তর/নামজারী করার জন্য ৯ জানুয়ারি ২০১৭ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। এমতাবস্থায় তাঁর আবেদনপত্রটি সভায় আলোচনা সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল (সাবেক সাত্তার মার্কেট) এর নীচতলার ০২ নং দোকানটি হস্তান্তর/নামজারী না করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত দোকানটির বাৎসারিক ভাড়া ক্যান্টনমেন্ট বোর্ড-কে প্রদান করতে হবে।

আলোচ্য বিষয়-১৮: রজনীগন্ধা সুপার মার্কেটের 'রজনীগন্ধা টাওয়ার' এর কিউএমজি কোটায় বরাদ্দকৃত ৩য় তলার ০৩ নং দোকানটি বিক্রয়/হস্তান্তর অনুমতি প্রসংগে।

আলোচনা : রজনীগন্ধা সুপার মার্কেটের 'রজনীগন্ধা টাওয়ার' এর কিউএমজি কোটায় ৩য় তলার ০৩ নং দোকানটি ৯,৭৪,০৮০/-(নয় লক্ষ চুয়াত্তর হাজার আশি) টাকা সালামীতে সৈনিক (এমটি) মোঃ আবুল বাশার, ইএমই (অবঃ), পিতা-মরহুম সিদ্দিকুর রহমানকে বরাদ্দ প্রদান করা হয়। তিনি সালামীর সমুদয় টাকা পরিশোধ করেছেন। বর্তমানে আর্থিক প্রয়োজনে তিনি উক্ত দোকানটি মেজর সাহেদুল ইসলাম ,পিতা-মৃত মোঃ বিক চাঁদ ভূইয়া এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি চেয়ে ১১ জানুয়ারি ২০১৭ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন।

সিদ্ধান্ত : রজনীগন্ধা সুপার মার্কেটের 'রজনীগন্ধা টাওয়ার' এর কিউএমজি কোটায় ৩য় তলার ০৩ নং দোকানটি মেজর সাহেদুল ইসলাম, পিতা-মৃত মোঃ বিক চাঁদ ভূইয়া এর নিকট হস্তান্তর ফি ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রদান সাপেক্ষে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-১৯: ঢাকা সেনানিবাসের অভ্যন্তরে চলাচলরত রিক্সার ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রদানকৃত আইডি কার্ড যাচাই করার জন্য ০৩(তিন) টি এক্সেস কন্ট্রোল মেশিন ক্রয় প্রসংগে।

আলোচনা : ঢাকা সেনানিবাসের অভ্যন্তরে চলাচলের জন্য ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক রিক্সা মালিকদের আইডি কার্ড এবং পোশাক পরিধানের নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত নির্দেশনার প্রেক্ষিতে ক্যান্টনমেন্ট বোর্ডের অনুমতি প্রাপ্ত রিক্সা ছাড়াও অন্যান্য অবৈধ রিক্সা মালিক/চালক ক্যান্টনমেন্ট বোর্ডের প্রদানকৃত আইডি কার্ড এবং পোশাক নকল করে সেনানিবাসের অভ্যন্তরে চলাচল করছে। উক্ত অবৈধ রিক্সা প্রতিরোধ করার জন্য স্কাই লাইন প্রিন্টিং এন্ড প্যাকেজেস কোম্পানী কর্তৃক আইপি বেজ এক্সেস কন্ট্রোল এন্ড টাইম এ্যাটেনডেন্স মেশিন সরবরাহ করার জন্য (প্রতিটি ৩৯,৬০০/-টাকা) একটি আবেদন/কোর্টেশন দাখিল করেছেন।

সিদ্ধান্ত : স্কাই লাইন প্রিন্টিং এন্ড প্যাকেজেস কোম্পানী কর্তৃক ০৩ (তিন)টি আইপি বেজ এক্সেস কন্ট্রোল এন্ড টাইম এ্যাটেনডেন্স মেশিন সরবরাহ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কোম্পানীর দাখিলকৃত প্রতিটি আইপি বেজ এক্সেস কন্ট্রোল এন্ড টাইম এ্যাটেনডেন্স মেশিনের জন্য ৩৯,৬০০/- x ৩ = ১,১৮,৮০০/- টাকার দর অনুমোদন করা হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় রাজস্ব শাখার নৈমিত্তিক খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-২০: ঢাকা সেনানিবাসের অভ্যন্তরে চলাচলরত রিক্সার লাইসেন্স সংখ্যা ও ভাড়া বৃদ্ধির বিষয়ে কমিটির প্রতিবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : ২৯ নভেম্বর ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার-১৯ নং আলোচ্য বিষয়ে সিদ্ধান্তের সেনানিবাসের অভ্যন্তরে চলাচলরত রিক্সার স্টপেজ টু স্টপেজ ভাড়ার হার নির্ধারণের জন্য মেজর এস এম হাবিব ইবনে জাহান, এএসসি, স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসকে সভাপতি করে মোট ০৫(পাঁচ) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। উক্ত গঠিত কমিটি ১৮ জানুয়ারি ২০১৭ তারিখে প্রতিবেদন দাখিল করেছেন।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে ঢাকা সেনানিবাসের অভ্যন্তরে চলাচলরত রিক্সার ভাড়া বৃদ্ধির তালিকা পরিশিষ্ট-'গ' সর্বসম্মতভাবে অনুমোদন এবং ৬০ (ষাট) টি নতুন রিক্সার লাইসেন্স প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। রিক্সা লাইসেন্স প্রদানের ক্ষেত্রে একক আবেদনকারীকে অগ্রাধিকার দিতে হবে।

আলোচ্য বিষয়-২১: নির্ভানা প্রপাটিজ লিঃ ডেভেলোপার কোম্পানীর জমাকৃত ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা নিরাপত্তা জামানত ফেরত প্রসংগে।

আলোচনা : রেকর্ড দৃষ্টে দেখা যায়, উইং কমান্ডার মোঃ আলমগীর হোসেন, ব্যবস্থাপনা পরিচালক, নির্ভানা প্রপার্টিজ লিঃ মিরপুর ডিওএইচএস এলাকায় ৩৬৭ এবং ৩৮৪ নং প্লটে বাড়ী নির্মাণ করার জন্য ডেভেলপার নিরাপত্তা জামানত (ফেরতযোগ্য) বাবদ (৩,০০,০০০+১০০০০)= ৪,০০,০০০/-(চার লক্ষ) টাকা অত্র দপ্তরে জমা করেছেন। সংশ্লিষ্ট প্লটে বাড়ী নির্মাণ কাজ সম্পন্ন করে বাড়ীর মালিককে বুঝিয়ে দিয়েছেন মর্মে ছাড়পত্রসহ জামানত বাবদ জমাকৃত

৪,০০,০০০/-(তিন লক্ষ) টাকা ফেরত চেয়ে ০৩ নভেম্বর,২০১৬ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। উক্ত আবেদনপত্রটির বিষয়ে অত্র দপ্তরের ১৭ নভেম্বর,২০১৬ তারিখের ঢাক্যাবো/ডেঃভোঃ/নিঃপ্রঃলি/৬১ নং পত্রে উক্ত প্রতিষ্ঠানের ব্যাপারে প্লট মালিক/ফ্ল্যাট ক্রেতাদের কোন প্রকার অভিযোগ/আপত্তি আছে কিনা তা অবহিত করার জন্য সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, ঢাকা সেনানিবাসকে অনুরোধ করা হয়। এপ্রেক্ষিতে সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, ঢাকা সেনানিবাস ২৭ ডিসেম্বর ২০১৬ তারিখে বিডি/এলসি/২২৩৪/২০০১/৩৬৭/১৮ নং পত্রে বর্ণিত বিষয়ে কোন অভিযোগ/আপত্তির তথ্য নেই মর্মে জানান।

সিদ্ধান্ত : নির্ভানা প্রপার্টিজ লিঃ এর জমাকৃত ৪,০০,০০০/-(চার লক্ষ) টাকার নিরাপত্তা জামানত ফেরত প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-২২: দীপান্তর রিয়েল এস্টেট লিঃ ডেভেলোপার কোম্পানীর জমাকৃত ১০,০০,০০০/- (দশ লক্ষ) নিরাপত্তা জামানত ফেরত প্রদান প্রসংগে।

আলোচনা : রেকর্ড দৃষ্টে দেখা যায়, জনাব রফিকুল ইসলাম, ব্যবস্থাপনা পরিচালক, দীপান্তর রিয়েল এস্টেট লিঃ মিরপুর ডিওএইচএস এলাকায় ১১৩১ নং প্লটে বাড়ী নির্মাণ করার জন্য ডেভেলপার নিরাপত্তা জামানত (ফেরতযোগ্য) বাবদ ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অত্র দপ্তরে জমা করেছেন। সংশ্লিষ্ট প্লটে বাড়ী নির্মাণ কাজ সম্পন্ন করে বাড়ীর মালিককে বুঝিয়ে দিয়েছেন মর্মে ছাড়পত্রসহ জামানত বাবদ জমাকৃত ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা ফেরত চেয়ে ০৭ নভেম্বর,২০১৬ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। উক্ত আবেদনপত্রটির বিষয়ে অত্র দপ্তরের ০৮ জানুয়ারি,২০১৭ তারিখের ঢাক্যাবো/ডেভোঃ/ দীঃবিঃ/ এস্টেঃলিঃ/৪৪ নং পত্রে উক্ত প্রতিষ্ঠানের ব্যাপারে প্লট মালিক/ফ্ল্যাট ক্রেতাদের কোন প্রকার অভিযোগ/ আপত্তি আছে কিনা তা অবহিত করার জন্য সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, ঢাকা সেনানিবাসকে অনুরোধ করা হয়। এপ্রেক্ষিতে সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, ঢাকা সেনানিবাস ৩০ জানুয়ারি,২০১৭ তারিখে বিডি/এলসি/২৭৫৭/২০০৫/১৩১১/১০ নং পত্রে বর্ণিত বিষয়ে কোন অভিযোগ/আপত্তির তথ্য নেই মর্মে জানান।

সিদ্ধান্ত : দীপান্তর রিয়েল এস্টেট লিঃ এর জমাকৃত ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকার নিরাপত্তা জামানত ফেরত প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-২৩: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮০ নং প্লটে নির্মিত বাড়ীর ৪র্থ তলার ০৭ নং ফ্ল্যাটটি বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান প্রসঙ্গে।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৫০০ বর্গফুট জমি বিশিষ্ট ৮০ নং প্লটে নির্মিত ০৪ তলা বাড়ীর ২য় তলার পশ্চিম পার্শ্বের ১৭০০ বর্গফুট আয়তন (কমবেশী) ফ্ল্যাট নং-২ এবং ৪র্থ তলার পূর্ব পার্শ্বের ১৭০০ বর্গফুট আয়তন(কমবেশী) ফ্ল্যাট নং-৭ এর আপোষ বন্টননামা দলিলমূলে মালিক জনাব কাইজার রবিন, পিতা-মরহুম এম এ রাজ্জাক। তিনি ৪র্থ তলার পূর্ব পার্শ্বের ১৭০০ বর্গফুট আয়তন (কমবেশী) ফ্ল্যাট নং-৭, নিচতলায় ০১টি কারপার্কিং ও আনুপাতিক হারে অবিভক্ত/অচিহ্নিত জমি এবং অন্যান্য সাধারণ সুবিধাদিসহ লেঃ কর্ণেল বশির আহমেদ মোল্লা, পিতা-মরহুম এয়ার আলী মোল্লা, বর্তমান ঠিকানা-১৩/ডি, বনলতা, ষ্টাফ রোড, ঢাকা সেনানিবাস এর নিকট বিক্রয়/ হস্তান্তরের অনুমতি চেয়ে ১৬ জানুয়ারি ২০১৭ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে প্রস্তাবিত ক্রেতার অনুকূলে নিরাপত্তা ছাড়পত্র প্রদানের জন্য অত্র দপ্তরের ৩১ জানুয়ারি ২০১৭ তারিখের ঢাক্যাবো/প্লট নং-৮০/ফ্ল্যাট নং-৭/(৪র্থ তলা পূর্ব)/১৭ নং পত্রে সদর দপ্তর, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাসে অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে সদর দপ্তর, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস ০৮ ফেব্রুয়ারি ২০১৭ তারিখের ২৩.০১.৯০১. ৮০০.০২.১২১.০১.০৮.০২.১৭.৪১৯৯ নং পত্রে প্রস্তাবিত ক্রেতার অনুকূলে নিরাপত্তা ছাড়পত্র প্রদান করেন। উল্লেখ্য যে, প্রকৌশল শাখা কর্তৃক সরেজমিনে পরিমাপ করে উক্ত প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি নেই মর্মে জানিয়েছেন।

সিদ্ধান্ত : ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৫০০ বর্গফুট জমি বিশিষ্ট ৮০ নং প্লটে নির্মিত ০৪ তলা বাড়ীর ২য় তলার পশ্চিম পার্শ্বের ১৭০০ বর্গফুট আয়তন (কমবেশী) ফ্ল্যাট নং-২ এবং ৪র্থ তলার পূর্ব পার্শ্বের ১৭০০ বর্গফুট আয়তন(কমবেশী) ফ্ল্যাট নং-৭ এর আপোষ বন্টননামা দলিলমূলে মালিক জনাব কাইজার রবিন, পিতা-মরহুম এম এ রাজ্জাক। তিনি ৪র্থ তলার পূর্ব পার্শ্বের ১৭০০ বর্গফুট আয়তন (কমবেশী) ফ্ল্যাট নং-৭, নিচতলায় ০১টি কারপার্কিং ও আনুপাতিক হারে অবিভক্ত/অচিহ্নিত জমি এবং অন্যান্য সাধারণ সুবিধাদিসহ লেঃ কর্ণেল বশির আহমেদ মোল্লা, পিতা-মরহুম এয়ার আলী মোল্লা এর নিকট হস্তান্তরের অনুমতি প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়-২৪: রজনীগন্ধা সুপার মার্কেটস্থ 'রজনীগন্ধা টাওয়ার' এর ৬ষ্ঠ তলার অফিস স্পেস নং-০২ এর সর্বোচ্চ দরদাতা কর্তৃক সালামীর টাকা পরিশোধ না করায় বাতিলকরণ প্রসঙ্গে।

আলোচনা : রজনীগন্ধা সুপার মার্কেটস্থ 'রজনীগন্ধা টাওয়ার' এর দোকান/স্পেস ইজারা প্রদানের জন্য ৩০ জুন ২০১৫ তারিখে দরপত্র আহবান করা হলে ৬ষ্ঠ তলার অফিস স্পেস নং-০২ এর জন্য শেখ হাবিববু রহমান, পিতা-মৃত শেখ সামছুর রহমান কর্তৃক প্রতি বর্গফুট ১২০২০/-টাকা হারে মোট ১,৬৬,৫৯,৭২০/-(এক কোটি ছেষট্রি লক্ষ ঊনষাট হাজার সাতশত বিশ) টাকার দরটি সর্বোচ্চ হয়। উক্ত দরটি ক্যান্টনমেন্ট বোর্ডসভা এবং সাভূসে অধিদপ্তর কর্তৃক অনুমোদিত হয়। তৎপ্রেক্ষিতে অত্র দপ্তরের ০৩ সেপ্টেম্বর ২০১৫ তারিখের ঢাক্যাবো/রঃগঃসুঃমাঃ/রঃটাঃ/৬ষ্ঠ তলা অফিস

স্পেস/০২/৭ নং পত্রে উক্ত সালামীর টাকা ৮ কিস্তিতে পরিশোধ করার জন্য অনুরোধ করা হয়। সর্বোচ্চ দরদাতা কোন কিস্তির টাকা পরিশোধ না করায় অত্র দপ্তরের ২৫ অক্টোবর ২০১৬ তারিখের ঢাক্যাবো/ রঃগঃসুঃমাঃ/রঃটাঃ/৬ষ্ঠ তলা অফিস স্পেস/০২/ ৯ নং পত্রে ৩০ নভেম্বর ২০১৬ তারিখের মধ্যে সমুদয় টাকা পরিশোধে ব্যর্থ হলে জমাকৃত জামানতের অর্থ বাজেয়াপ্ত করাসহ দোকান বরাদ্দ বাতিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে মর্মে চুড়ান্ত পত্র প্রদান করা হয়। কিন্তু তিনি অদ্যাবধি কোন কিস্তির অর্থ পরিশোধ করেননি।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটস্থ 'রজনীগন্ধা টাওয়ার' এর ৬ষ্ঠ তলার অফিস স্পেস নং-০২ এর সর্বোচ্চ দরদাতা শেখ হাবিবুর রহমান, পিতা-মৃত শেখ সামছুর রহমান কর্তৃক সালামীর টাকা পরিশোধ না করায় দোকান/স্পেসের বিপরীতে জমাকৃত জামানত বাজেয়াপ্তসহ দোকান/স্পেসের বরাদ্দ বাতিলের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়-২৫: রজনীগন্ধা সুপার মার্কেটে (মুরগীশেড সংলগ্ন) ১৯০/এ নং দোকানের পার্শ্বে ৮ × ৭ = ৫৬ বর্গফুট জায়গা বরাদ্দ বাতিলসহ সালামী বাবদ জমাকৃত ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ফেরত প্রদান প্রসংগে।

আলোচনা : ০৯ সেপ্টেম্বর ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্য বিষয়-৫০বিবিধ-৭ নং সিদ্ধান্তের আলোকে অত্র দপ্তরের ১২ নভেম্বর ২০১৫ তারিখের ঢাক্যাবো/রঃগঃসুঃমাঃ/মুরগী/১/১৭৬ নং পত্রে রজনীগন্ধা সুপার মার্কেটের (মুরগীশেড সংলগ্ন) ১৯০/এ নং দোকানের পার্শ্বে ৮ × ৭ = ৫৬ বর্গফুট জায়গায় ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা সালামী জমা সাপেক্ষে নিজ খরচে দোকান ঘর নির্মাণ করার জন্য জনাব মোঃ হানিফ, পিতা-নওয়াব মিয়া-কে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ০১(এক) বছর মেয়াদে বরাদ্দ প্রদান করা হয়। উক্ত সালামীর টাকা রশিদ নং-১৪০২/৩২, তারিখ-১৬/১১/২০১৫ এর মাধ্যমে অত্র দপ্তরে জমা করেন কিন্তু সংশ্লিষ্ট জায়গায় দোকান ঘর নির্মাণ না করায় জমাকৃত সালামী ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ফেরত চেয়ে জনাব মোঃ হানিফ ০৩ ডিসেম্বর ২০১৬ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। আবেদনপত্রটি সভায় উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত : জনাব মোঃ হানিফ, পিতা-নওয়াব মিয়া এর ০৮/০২/২০১৭ ইং তারিখের আবেদনের প্রেক্ষিতে টাকা ফেরত নিতে অনাগ্রহ প্রকাশ করায় সিদ্ধান্ত দেয়া হলো না।

আলোচ্য বিষয়-২৬: ডিসেম্বর, ২০১৬ মাসে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জন্ম-মৃত্যু নিবন্ধন প্রতিবেদন।

আলোচনা : ডিসেম্বর, ২০১৬ মাসে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে মোট ২২৭ টি জন্ম নিবন্ধন ও ০৭টি মৃত্যু নিবন্ধন করা হয়েছে এবং একই সময়ে বনানী সামরিক কবরস্থানে মোট ১২ জনকে দাফন করা হয়েছে।

সিদ্ধান্ত : ঢাকা সেনানিবাস এলাকায় বসবাসকারী বা জন্মগ্রহণকারীদের যথাযথভাবে জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিত করতে হবে।

আলোচ্য বিষয়-২৭: মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্স এর ০১ তলার ২০ নং দোকানের হস্তান্তর অনুমতি ফি বাবদ জমাকৃত ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা কিস্তি হিসেবে জমা করার জন্য কর্ণেল মোঃ ইকবাল হাসান, বিজিবিএম এর ১৬/০১/২০১৭ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্স এর ১ম তলার-২০ নং দোকানটির ক্রয়সূত্রে মালিক কর্ণেল ইকবাল হাসান, বিজিবিএম, অতিরিক্ত কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা। তিনি উক্ত দোকানটি তার আত্মীয় জনাব মোঃ সহিদুল ইসলাম, পিতা-মৃত আব্দুর রহমান এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি চেয়ে ২৬ আগস্ট ২০১৫ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। আবেদনপত্রটি ০৯ সেপ্টেম্বর, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার-১৮ নং আলোচ্য বিষয়ে উপস্থাপন করা হলে নিয়ম মোতাবেক হস্তান্তর অনুমতি ফি এবং নামান্তর ফি পরিশোধ সাপেক্ষে হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে হস্তান্তর অনুমতি ফি ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা অত্র দপ্তরে জমা করার জন্য অনুরোধ করা হলে ৬/৩/২০১৬ তারিখে ৩৬/৪৯ নং রশিদ এর মাধ্যমে ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা জমা করেন। পরবর্তীতে নামজারী ফি জমা না করায় দোকানটি তাঁর নামেই রয়েছে। তিনি উক্ত দোকানটি জনাব মোঃ সহিদুল ইসলাম, পিতা-মৃত আব্দুর রহমান এর নামে নামজারী না করে হস্তান্তর অনুমতি ফি বাবদ জমাকৃত ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা কিস্তি হিসেবে জমা করে দোকানটি তার নামেই রাখার জন্য ১৬ জানুয়ারি ২০১৭ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে জমাকৃত হস্তান্তর অনুমতি ফি ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা কিস্তি হিসেবে অন্তর্ভূক্ত/জমা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-২৮: মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্স এর ৭ম তলার ১৩ নং দোকান বিক্রয়/হস্তান্তরের নিমিত্তে অপটিম্যাক্স কমিউনিকেশন লিমিটেড এর ডাইরেক্টর মার্কেটিং এবং ফাইন্যান্স ইকবাল বাহার জাহিদ এর আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্স এর দোকান/স্পেস ইজারা প্রদানের জন্য ২০/১০/২০১৪ তারিখে দরপত্র আহবান করা হলে ৭ম তলার-১৩ নং দোকানটির জন্য অপটিম্যাক্স কমিউনিকেশন লিঃ কর্তৃক প্রদত্ত ২৪,১৬,১২৭/-(চব্বিশ লক্ষ ষোল হাজার একশত সাতাশ) টাকার দরটি সর্বোচ্চ হয়। উক্ত দরটি ক্যান্টনমেন্ট বোর্ডসভা এবং সাভূসে অধিদপ্তর কর্তৃক অনুমোদিত হয়। উক্ত দোকানের সালামীর সমুদয় অর্থ পরিশোধ করা হয়েছে। অপটিম্যাক্স কমিউনিকেশন লিঃ কোম্পানীর বোর্ড অব ডাইরেক্টর এর সিদ্ধান্তের কপিসহ উক্ত দোকান জনাব মোঃ কামাল উদ্দিন মজুমদার, বাড়ী নং-০৬, রোড নং-৭, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি চেয়ে জনাব ইকবাল বাহার জাহিদ, ডাইরেক্টর মার্কেটিং এবং ফাইন্যান্স, অপটিম্যাক্স কমিউনিকেশন লিঃ ০৩ জানুয়ারি ২০১৭ তারিখে ১০০০/৪/ ডিওএইচএস নং পত্র অত্র দপ্তরে প্রেরণ করেছেন।

সিদ্ধান্ত : বিধিমোতাবেক হস্তান্তর ফি গ্রহণ সাপেক্ষে মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্স এর ৭ম তলার ১৩ নং দোকানটি জনাব মোঃ কামাল উদ্দিন মজুমদার, বাড়ী নং-০৬, রোড নং-৭, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-২৯: রজনীগন্ধা সুপার মার্কেটের পার্ক-২০ নং দোকানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : ০৫ জানুয়ারি ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার-১৫ নং আলোচ্য বিষয়ে রজনীগন্ধা সুপার মার্কেটস্থ পার্ক-২০ নং দোকান ভাঙ্গা, পুনঃ নির্মাণ, রাস্তা নির্মাণ ও দোকান মালিককে মাসিক ৭,৫০০/-(সাত হাজার পাঁচশত) টাকা পরিশোধ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের আলোকে দোকানের ক্ষতিপূণের অর্থ মাসিক ৭৫০০/-(সাত হাজার পাঁচশত) টাকা হারে পরিশোধ করার জন্য মেজর (অবঃ) আব্দুস সাত্তার, বাড়ী নং-ডিএমসি-১৭, প্লট নং-৩০৫, উত্তর-পূর্ব কাফরুল, ঢাকা সেনানিবাসকে পত্র প্রদান করা হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে ফেব্রুয়ারি ২০১৬ এর পরিবর্তে অক্টোবর ২০১৬ তারিখ হতে ক্ষতিপুরণের টাকা পরিশোধ করার অনুমতি চেয়ে তিনি ০১ জানুয়ারি ২০১৭ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। আবেদনপত্রটি বিবেচনা করা গেল না মর্মে ০১ ফেব্রুয়ারি ২০১৬ হতে ৩১ জানুয়ারি ২০১৭ তারিখ পর্যন্ত মাসিক ৭৫০০/-টাকা হারে ১২(বার) মাসের জন্য ৯০,০০০/-(নব্বই হাজার) টাকা পরিশোধ করে অত্র দপ্তরকে অবহিত করার জন্য পুনরায় পত্র প্রেরণ করা হয়। মেজর (অবঃ) আব্দুস সাত্তার জুলাই ২০১৬ হতে ডিসেম্বর ২০১৬ পর্যন্ত ০৬(ছয়) মাসের ৪৫,০০০/-(পঁয়তাল্লিশ হাজার) টাকা কিস্তিতে পরিশোধ করার অনুমতি চেয়ে ২৬ জানুয়ারি ২০১৭ তারিখে আবেদন অত্র দপ্তরে পুনরায় আবেদন করেছেন।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে ০৫ জানুয়ারি, ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যসূচী-১৫ এর সিদ্ধান্ত বহাল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। মেজর (অবঃ) আব্দুস সাত্তার এর বাড়ী নং-ডিএমসি-১৭, প্লট নং-৩০৫ এর সামনের সরকারী জায়গার উপর নির্মিত গেইট জরুরী ভিত্তিতে অপসারণ করতে হবে। এ বিষয়ে বোর্ডের নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ আলম খান জরুরী ব্যবস্থা নিবেন।

আলোচ্য বিষয়-৩০: ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও'র ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | লেঃ কর্ণেল (অবঃ) আবুল বাশার | ৫৯৮ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা (আভ্যন্তরীন পরিবর্তন) |
| ২। | ব্রিগেঃ জেনাঃ (অবঃ) আনোয়ারুল ইসলাম | ৭৬৭/এ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা (৩য় তলায় এক ইউনিটের পরিবর্তে দুই ইউনিট, ৬ষ্ঠ তলায় ডুপ্লেক্স) |
| ৩। | লেঃ কর্ণেল (অবঃ) নুরুল হক | ৭৬৮/এ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা (আভ্যন্তরীন পরিবর্তন- ৭ম তলায় ১ ইউনিটের পরিবর্তে ২ ইউনিট) |
| ৪। | মেজর (অবঃ) মোঃ এমদাদুল ইসলাম | ৮৪৪ | মিরপুর ডিওএইচএস | | ০৭ (সাত) তলা নতুন ভবন |
| ৫। | কমান্ডার (অবঃ) আবুল কালাম মোহাম্মদ আলাউদ্দিন | ৯৭০ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা ভবন (আভ্যন্তরীন পরিবর্তন-২য় ও ৩য় তলায় ডুপ্লেক্স এর পরিবর্তে ৬ষ্ঠ ও ৭ম তলায় ডুপ্লেক্স) |
| ৬। | মেজর (অবঃ) মোঃ আব্দুর রশিদ | ১০১৪ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ৭। | লেঃ কর্ণেল (অবঃ) মোঃ কামরুল হোসেন | ১০৮০ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা (আভ্যন্তরীন পরিবর্তন, সিঁড়ি কলাম, লে-আউট এর পরিবতন- খালি প্লট) |
| ৮। | ব্রিগেঃ জেনাঃ সোহেল আহমেদ, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি | ১১৯৩ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা (আভ্যন্তরীন পরিবর্তন-নিচতলা থেকে ৭ম তলা পর্যন্ত, খালি প্লট) |
| ৯। | কমডোর শাহ্ আসলাম পারভেজ | ১৩২৭ | মিরপুর ডিওএইচএস | | ০৭ তলা নতুন ভবন |
| ১০। | জনাব রবিউল করিম | ২০৭ | মহাখালী ডিওএইচএস | | বেজমেন্ট ও নতুন ০৭ তলা ভবন |
| ১১। | জনাব মোঃ বেলাল হোসেন | বি/১০৫ | মহাখালী ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ১২। | মিসেস গুলশান আরা চৌধুরী | ৩৯ | বনানী ডিওএইচএস | | বেজমেন্ট ও নতুন ০৭ তলা ভবন |
| ১৩। | মিসেস নাহিদ আতিক হক গং | ১৮ | বনানী ডিওএইচএস | | বেজমেন্ট ও নতুন ০৭ তলা ভবন |
| ১৪। | জনাব মোঃ মানিক শেখ গং | সিবি-৩৭/২ | কচুক্ষেত পুরান বাজার এলাকা | | ০৭ তলা নতুন ভবন |
| ১৫। | মিসেস সাঈদা আক্তার | ১ ও ০১/ডি | শহীদ সরণি (ক্যান্টনমেন্ট বাজার এলাকা) | | সংশোধিত ০৭ তলা (বিদ্যমান প্রবেশ গেইট ঠিক রেখে নতুন প্রবেশ পথ নির্মাণ) |

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন বিভিন্ন ডিওএইচএস, ক্যান্টনমেন্ট বাজার এলাকা ও কচুক্ষেত পুরান বাজার এলাকার মোট ১৫টি প্লটে বাড়ী/ভবন নির্মাণের জন্য দাখিলকৃত নকশাগুলো ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে মর্মে নির্বাহী প্রকৌশলী জানান। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন মর্মে সভায় জানানো হয়।

সিদ্ধান্ত : ৩০.১। Land point of view-তে ডিওএইচএসসমূহের জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসের এবং অন্যান্য এলাকার ক্ষেত্রে অত্র বোর্ডের রাজস্ব শাখার ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে আলোচ্য বিষয়-৩০ এর ক্রমিক নং-১ হতে ১৫ পর্যন্ত এর ১৫টি প্লটে ০৬(ছয়)/০৭(সাত) তলা নতুন/সংশোধিত ভবন নির্মাণের নকশা নিম্নোক্ত শর্তাধীনে অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

(ক) প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান/ডেভলপার কর্তৃক বাড়ী নির্মিত হলে সংশ্লিষ্ট ডেভলপারকে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে।

(খ) প্লট মালিক নিজে বাড়ী নির্মাণ করলে তিনি এ মর্মে অঙ্গীকারনামা দিবেন যে, তাঁর প্লটে কোন নির্মাণকারী প্রতিষ্ঠান/ডেভলপার চুক্তিবদ্ধ হয়ে কাজ করছেন মর্মে প্রমাণিত হলে সকল প্রকার ক্ষতিপূরণ তিনি দিতে বাধ্য থাকবেন এবং ক্যান্টনমেন্ট বোর্ড প্রয়োজনীয় ক্ষতিপূরণ না পেলে অনুমোদিত নকশা স্থগিতসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করলে তিনি তা মেনে নিতে বাধ্য থাকবেন।

৩০.২। ক্রমিক নং-১, ২, ৩, ৫, ও ১৫ এ উল্লিখিত ০৫ (পাঁচ)টি ভবনের আভ্যন্তরীন পরিবর্তনের নকশা যদি কোন অননুমোদিত নির্মাণ থাকে তবে তা অপসারণ সাপেক্ষে অনুমোদন করা হলো।

আলোচ্য বিষয়-৩১: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের নাম | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস্, ২০১২ অনুযায়ী (টাকা) | ব্যয়ের খাত | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | রজনীগন্ধা সুপার মার্কেটস্থ থাই গার্ডেনের উত্তর পার্শ্বে উদ্ধারকৃত জায়গা টিনের বেড়া দ্বারা ঘেরাও কাজ। | ৫,২৯,৮২৫/- | বোর্ড তহবিল | |
| ২। | রজনীগন্ধা সুপার মার্কেটের কসাইখানা এবং হার্ডস্ট্যান্ড সংলগ্ন ড্রেন মেরামতসহ নতুন স্লাব নির্মাণ কাজ। | ৮০,০৮০/- | বাজারের মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৩। | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্ট বোর্ড জেনাঃ হাসপাতালে পুরাতন ভবনের দেয়ালে টাইলস স্থাপনসহ রংকরণ, ২টি ওয়াটার পউরিফায়ার, ০১টি গিজার, এসি মেরামত, বৈদ্যুতিক ও স্যানিটারী কাজ। | ৫,৬৬,০৫৬/- | হাসপাতালের নৈমিত্তিক খাত | পরিচালক (প্রশাসন), এসকেএমসিবিজিএইচ এর ২২/০১/২০১৭ তারিখের পত্র। |
| ৪। | বনানী ডিওএইচএস এলাকার ইষ্টার্ণ রোডের (অর্ধেক) পটহোল মেরামতসহ রাস্তা কার্পেটিং কাজ(প্লান্ট মেথড)। | ২০,৬৪,৭২১/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ/বোর্ড তহবিল | |
| ৫। | বনানী ডিওএইচএস এলাকার ৬ নং রোডের পটহোল মেরামতসহ রাস্তা কার্পেটিং কাজ(প্লান্ট মেথড)। | ১৮,২৭,৫৬৯/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ/বোর্ড তহবিল | |
| ৬। | বারিধারা ডিওএইচএস এলাকার সংযোগ সড়কের আন্ডার গ্রাউন্ড বৈদ্যুতিক লাইন পরিবর্তণ করে নতুন এলুমিনিয়াম ইনসুলেটেড তার দ্বারা ওভারহেড লাইন স্থাপন কাজ। | ৯,৭৭,৬০৯/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ/বোর্ড তহবিল | বারিধারা ডিওএইচএস পরিষদের ২১-জানুয়ারি ২০১৭ তরিখের পত্র ও ই/লাইনম্যান সহঃ জনাব মোঃ মনিরুল হক এর ১৪/১২/২০১৬ তারিখের প্রতিবেদন। |
| ৭। | বালুঘাট এলাকায় বিদ্যামান নিরাপত্তা বাতির পুরাতন টিউব লাইট সেড পরিবর্তন করে নতুন টিউব লাইট সেড স্থাপন কাজ। | ৩,৯৬,৩৮৪/- | বোর্ড তহবিল | ই/লাইনম্যান সহঃ জনাব মোঃ মনিরুল হক এর ১৪/১২/২০১৬ তারিখের প্রতিবেদন। |
| ৮। | বারিধারা ডিওএইচএস এলাকার রোড নং-৬, বাড়ি নং-৩৬৫/১০ ও রোড নং-১২, বাড়ি নং-৫৪০/৭ সংলগ্ন এবং সংযোগ সড়কে ভেঙ্গে যাওয়া পোল পরিবর্তন করে নতুন ০৪টি বৈদ্যুতিক পোল সরবরাহ ও স্থাপন কাজ। | ১,০০,৮১৩/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ/বোর্ড তহবিল | বারিধারা ডিওএইচএস পরিষদের ৩১ অক্টোবর ২০১৬ তরিখের পত্র। |
| ৯। | আর্মি এমপি ইউনিটের জন্য স্টীলের তৈরি ১০টি গতি মাত্রার নিয়ন্ত্রণ বোর্ড (সাইজ: ৪-০´´×৩-০´´, উচ্চতা ৬-০´´) হানিকম্ব স্টীকার দ্বারা লিখাসহ (উভয় পার্শ্বে) সরবরাহ ও স্থাপন। | ১,৩৬,৭৭৫/- | বোর্ড তহবিল | আর্মি এমপি ইউনিটের ১৪ ডিসেম্বর ২০১৬ তারিখের পত্র। |
| ১০। | আর্মি এমপি ইউনিটের চাহিদা অনুযায়ী এমপি চেকপোষ্টসমূহের জন্য ১১টি সতর্কীকরণ বোর্ড এবং রাস্তায় লাগানোর জন্য ১৬টি বোর্ড (সাইজ: ১৬´´ ×২৬´´, উচ্চতা: ৪-৬´´) হানিকম্ব স্টীকার দ্বারা উভয় পার্শ্বে লিখাসহ সরবরাহ ও স্থাপন। | ১,৩৩,৯৪২/- | বোর্ড তহবিল | আর্মি এমপি ইউনিটের ২৯ ডিসেম্বর ২০১৬ তারিখের পত্র ও ০৫ জানুয়ারি ২০১৭ তারিখের পত্র। |
| ১১। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪/এ নং রোড (২৫৫ ফুট লম্বা) উঁচুকরণসহ কার্পেটিং ও ড্রেন সংস্কার কাজ। | ৮,৫২,১০৭/- | বোর্ড তহবিল | |
| ১২। | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্ট বোর্ড জেনাঃ হাসপাতালের সেবার মান ও আয় বৃদ্ধির লক্ষ্যে ০২টি ডায়াথারমী মেশিন মেরামত, ০২টি সাইনবোর্ড, ০১টি প্রোফাইল বোর্ড ও ৫০টি ফ্যাস্টুন নির্মাণ কাজ। | ৩,৪৩,২৫০/- | হাসপাতালের নৈমিত্তিক খাত/বোর্ড তহবিল | পরিচালক (প্রশাসন), এসকেএমসিবিজিএইচ এর ২২/০১/২০১৭ তারিখের পত্র। |
| ১৩। | নির্ঝর আবাসিক এলাকায় শিশুপার্কে ০২টি আধুনিক খেলনা (কম্বাইন্ড সুয়িং ০১টি, ডিচ কম্বাইন্ড স্লাইডার্স ০১টি) সরবরাহ ও স্থাপন। | ১২,০২,৫০০/- | অনুদান/বের্ড তহবিল | |
| ১৪। | মিরপুর ডিওএইচএস এলাকার ৩য় ধাপের রোড নং-৩৮/এ আংশিক (এভিনিউ-৭) উচ্চতা বৃদ্ধিসহ মেরামত ও কার্পেটিং কাজ। | ৩,৬৫,৪২৭/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ তহবিল/বোর্ড তহবিল | ব্রিগেঃ জেনাঃ মঈন এর ..... তারিখের আবেদনের প্রেক্ষিতে |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫। | মিরপুর ডিওএইচএস এলাকার ৩য় ধাপের ১৮/এ নং রোডের পাইপ ড্রেনের (৪-০´´ ডায়া) পিট উঁচুকরণ ও ড্রেন পরিস্কারকরণ ও মেরামত কাজ। | ৫,০৪,৬৮৩/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ/বোর্ড তহবিল | |
| ১৬। | মিরপুর ডিওএইচএস এলাকার বিভিন্ন রোডের স্পীড ব্রেকার রংকরণ কাজ। | ২,৩৪,৪০৪/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ/বোর্ড তহবিল | |
| ১৭। | রজনীগন্ধা অফিসার্স কোয়ার্টারে ০২টি গোলপোস্টে নেট সরবরাহ, শিশুপার্কে মেরি গো রাউন্ড পুনঃস্থাপন, বনানী আশালতা পার্কে দোলনা পুনঃ স্থাপন এবং ইউসুফ রোড, আশালতা, জিয়া কলোনী, মান্নান লাইন, সেনাপল্লী এলাকার শিশুপার্ক সমূহের সিট, পাইপ, চেইন ওয়েল্ডিং ও রংকরণ। | ১,৬৮,০০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ১৮। | রজনীগন্ধা এমপি চেকপোষ্ট গাড়ি পার্কিং হতে শহীদ আনোয়ার চৌরাস্তা পর্যন্ত সামরিক লেনের রোড ডিভাইডার অপসারণ এবং রিক্সা লেনের রোড ডিভাইডার মেরামত, পুনঃস্থাপন কাজ। | ২,৩২,৭০৯/- | বোর্ড তহবিল | ১৩ এমপি ইউনিটের ১০/১১/২০১৬ তারিখের ২৩.০১.৯০১.৬৫৫.০২.০৯৯.০১.১০.১১.১৬ নং পত্র। |
| ১৯। | মিরপুর ডিওএইচএস এলাকার ৩য় ধাপের ১৯ নং রোডের পাইপ ড্রেনের (২-০´´ ডায়া) পিট উঁচুকরণ ও ড্রেন পরিস্কারকরণ ও মেরামত কাজ। | ১,৪৪,৫৪৬/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ/বোর্ড তহবিল | |
| ২০। | মিরপুর ডিওএইচএস এলাকার ৩য় ধাপের ২৪ ও ৩৪ নং রোডের পাইপ ড্রেনের (২-০´´ ডায়া) পিট উঁচুকরণ ও ড্রেন পরিস্কার ও মেরামত কাজ। | ৬,৭৬,৬৮৪/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ/বোর্ড তহবিল | |
| ২১। | মহাখালী ডিওএইচএস এলাকার বি আই এস সি এর পশ্চিম পার্শ্বের ড্রেন পরিস্কারসহ ড্রেনের উপর আরসিসি স্ল্যাব নির্মাণ কাজ। | ২,৩২,৩৯৩/৫৪ | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ তহবিল | অধ্যক্ষ, বিআইএসসি এর ২০/০১/২০১৭ তারিখের পত্র। |
| ২২। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের ৬৫/ডি-৪ নং স্টাফ কোয়ার্টারের সংস্কার/মেরামত ও রংকরণ কাজ। | ১,১২,৯১৪/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ২৩। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮ নং রোডের ৫২/এ নং ভবনের ১৯ নং ফ্ল্যাট মেরামত ও রংকরণ কাজ। | ৩৯,৬৯৬/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ২৪। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৭ নং রোডস্থ ক্যান্ট বোর্ড স্টাফ কোয়ার্টার ৬৪/ডি (২য় তলা পূর্ব পার্শ্ব) এর বৈদ্যুতিক জরাজীর্ণ তার পরিবর্তন করে নতুন করে প্লাষ্টিক চ্যানেল দ্বারা ওয়েরিংকরণ কাজ। | ৮১,৫৩৯/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ২৫। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৭ নং রোডস্থ ক্যান্ট বোর্ড স্টাফ কোয়ার্টার ৬৫/ডি-১৮ সংস্কার, মেরাত ও রংকরণ কাজ। | ৬৯,২৯৫/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ২৬। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৭ নং রোডের ৬৪/এ নং ভবনের বাহির পার্শ্ব ওয়েদারকোট করণ কাজ। | ১,৯৮,৭০২/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ২৭। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৭ নং রোডের ৬৪/এ নং ভবনের নিচতলা পূর্ব পার্শ্ব, মেরামত ও রংকরণ কাজ। | ১,৩৮,৭৬৫/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ২৮। | মহাখালী ডিওএইচএস এলাকার ১৯ নং রোড এবং ১৯ ও ২১ নং রোডের সংযোগ সড়ক (পার্কের পূর্ব পার্শ্বে) পটহোল মেরামতসহ প্ল্যান্ট মেথডে কার্পেটিং কাজ। | ৯,৭২,৩০৫/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ তহবিল | |
| ২৯। | মহাখালী ডিওএইচএস এলাকার ইষ্টার্ন রোড, সেন্ট্রাল রোড, ২১ নং রোড এবং পার্ক রোডের পূর্ব পার্শ্ব হতে রাওয়া মেইন গেইট পর্যন্ত রোড মার্কিং কাজ। | ৮,৯১,৫৬৮/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ তহবিল | |
| ৩০। | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ৪১ পুরাতন এভিনিউ-১১ (প্লট নং-১১২২ থেকে ১১২৪ পর্যন্ত) রোডের সাববেইজ, মেকাডামসহ প্ল্যাট ম্যাথডে কার্পেটিংকরণ কাজ। | ২২,৬০,২০৪/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ তহবিল/বোর্ড তহবিল/ডিপিপি | |
| ৩১। | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ৪৩ পুরাতন এভিনিউ-১১ (প্লট নং-১১২৭ থেকে মসজিদ নং-৪ পর্যন্ত) রোডের সাববেইজ, মেকাডামসহ প্ল্যাট ম্যাথডে কার্পেটিংকরণ কাজ। | ৩২,৪৬,১০৫/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ তহবিল/বোর্ড তহবিল/ডিপিপি | |
| ৩২। | মিরপুর ডিওএইচএস এর শিশুপার্কের ০৪টি আধুনিক খেলনা সরবরাহ ও স্থাপন কাজ। | ১৩,১১,০০০/- | অনুদান/বোর্ড তহবিল | |
| ৩৩। | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের পুরাতন প্রশাসনিক ভবনের পিছন ও দক্ষিণ পার্শ্বে আস্তর দ্বারা মেরামতসহ ওয়েদারকোটকরণ কাজ। | ১,৪৫,৬২১/- | বোর্ড তহবিল | |

আলোচনা : ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকায় বসবাসকারী নাগরিকদের জন্য অত্যাবশ্যকীয় সেবা নিশ্চিত করার লক্ষ্যে উপরোল্লিখিত প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য বিদ্যমান নিয়ম অনুসরণ করে মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে।

সিদ্ধান্ত : আলোচ্য বিষয়-৩১ এর ৩৩টি প্রকল্পের মূল্যানুমান অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং- ২, ৩, ১৭, ২৩, ২৪, ২৫, ২৬, ২৭ ও ২৮ এ বর্ণিত মোট ০৯ (নয়) টি প্রকল্পের দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। ক্রমিক নং-১, ৪-১৬, ১৮-২২ ও ২৯-৩৩ এ বর্ণিত মোট ২৪ টি প্রকল্পের মূল্যানুমান অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য এবং প্রযোজ্য ক্ষেত্রে অনুদান বরাদ্দের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-৩২: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১৬ মোতাবেক (টাকা) | Responsive Tenderer | উদ্ধৃত দর (টাকা) | ব্যয়ের খাত | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১। | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপে পানির ডিষ্ট্রিবিউশন লাইন স্থাপন কাজ। | ২,৩৯,০৬,০০০/- | মেসার্স মান এন্টারপ্রাইজ | ২,৩৯,০৫,৮১৮/৫৩ | অনুদান ও প্লট মালিকদের পক্ষ হতে অনুদান | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ২। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের ৬৫/ডি-১৪ (৪র্থ তলা দক্ষিণ পশ্চিম পার্শ্ব) বাসার স্যানিটারী লাইন পরিবর্তন কাজ। | ৩৬,৭৭৭/- | মেসার্স জুয়েল এন্টারপ্রাইজ | ৩৬,৭৭৭/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৩। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৭ নং রোডের ৬৫/ডি-১ (নিচতলা দক্ষিণ-পূর্ব পার্শ্ব) বাসার সংস্কার, মেরামত ও রংকরণ কাজ। | ৮১,৫৩৯/- | মেসার্স জুই এন্টারপ্রাইজ | ৮১,৫৩৯/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৪। | ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদের মিনার ওয়েদারকোটকরণ ও ক্যান্টনমেন্ট বোর্ডের দক্ষিণ দিকের বাউন্ডারী ওয়াল রংকরণ কাজ। | ৬১,৩০৫/- | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ৬১,৩০৫/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৫। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার পরিত্যক্ত সম্পত্তির বাসা নং-১০৩ (দোতলা) সংস্কার, মেরামত ও রংকরণ কাজ। | ৮৯,৭৯০/- | মেসার্স হাবিব ট্রেডিং | ৮৯,৭৯০/- | পরিত্যক্ত সম্পত্তির খাত | |
| ৬। | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রেসিডেন্ট এবং ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারগণের তালিকা সম্বলিত ০৪টি অনার বোর্ড তৈরি ও স্থাপন কাজ। | ১,১০,৩৬২/- | মেসার্স প্রোগ্রেসিভ ইঞ্জিনিয়ার্স এন্ড কোং | ১,১০,৩৬২/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৭। | ১৩ এমপি ইউনিটের পার্শ্বে সংবাদপত্র বিক্রয় কেন্দ্রের দক্ষিণে পাকা ফুলের বেড তৈরি করণ কাজ। | ৬৩,৬৮৬/- | মেসার্স সিফাত এন্টারপ্রাইজ | ৬৩,৬৮৬/- | উদ্যান শাখার নৈমিত্তিক খাত | |
| ৮। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২ নং রোডের পানি সমস্যা দূরীকরনের জন্য ৭৫ মিমি ডায়া ইউপিভিসি পাইপ দ্বারা পানির লাইন স্থাপন কাজ। | ৮৯,১৯২/- | মেসার্স আফসারা কনস্ট্রাকশন ফার্ম | ৮৯,১৯২/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৯। | সেনাপল্লী হাই স্কুলের বাৎসরিক মেরামত ও রংকরণ কাজ। | ৪,০০,০০০/- | মেসার্স এস এম হুমায়ুন কবির | ৪,০০,০০০/- | সংশ্লিষ্ট বিদ্যালয়ের মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ১০। | আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী স্কুলের বাৎসরিক মেরামত ও রংকরণ কাজ। | ৪,০০,০০০/- | মেসার্স সৌরভ এন্টারপ্রাইজ | ৪,০০,০০০/- | সংশ্লিষ্ট বিদ্যালয়ের মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ১১। | মুসলিম মডার্ণ একাডেমির বাৎসরিক মেরামত ও রংকরণ কাজ। | ৪,০০,০০০/- | মেসার্স জুই এন্টারপ্রাইজ | ৪,০০,০০০/- | সংশ্লিষ্ট বিদ্যালয়ের মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ১২। | সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাস অফিস ভবনের জানালার সিকিউরিটি গ্রীল, মসকিউটো নেট ও ইউরিনাল বেসিন সংযোজন কাজ। | ৭৪,৫০০/- | মেসার্স আর এস এন্টারপ্রাইজ | ৭৪,৫০০/- | বোর্ড তহবিল | |
| ১৩। | বনানী ডিওএইচএস এলাকার ওয়েষ্টার্ণ রোডের পটহোল মেরামতসহ কার্পেটিং কাজ। | ৪০,৬০,০০০/- | ফোরওয়েজ ইঞ্জিনিয়ার্স | ৪০,৬০,০০০/- | সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ/উন্নয়ন তহবিল | |
| ১৪। | ঢাকা সেনানিবাসস্থ স্বাধীনতা সরণির বনানী এমপি চেকপোষ্ট এলাকায় একটি অত্যাধুনিক গেইট ও চেকপোষ্ট নির্মাণ কাজ। | ১,৪১,৪৬,০০০/- | মেসার্স এস আলম এন্টারপ্রাইজ | ১,৪১,৪৬,০০০/- | বোর্ড তহবিল | পিসিবি কর্তৃক ০৭/০২/১৭ তারিখে মিনিটশীটে অনুমোদিত প্রকল্পের ঘটনোত্তর অনুমোদন। |
| ১৫। | আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুলের পশ্চিম পার্শ্বে বাসস্টপের ফুটপাত সংলগ্ন খালি স্থানে বিউটিফিকেশনের জন্য দেয়াল, পেভমেন্ট টাইলস, ফেসিং টাইলস্ ও গ্রীল স্থাপন কাজ। | ১,৯১,৪৯৩/- | মেসার্স আমিন ব্রাদার্স | ১,৯১,৪৯৩/- | নর্দমা খাত | |
| ১৬। | মানিকদী কবরস্থানের পূর্ব ও উত্তর দিকের হেলে যাওয়া বাউন্ডারী ওয়াল পুনঃ স্থাপন এবং পশ্চিম দিকের বাউন্ডারী ওয়াল উঁচুকরণসহ সংস্কার/পুনঃনির্মাণ কাজ। | ১৫,৯৫,০৬০/- | মেসার্স এমএন্ডএম এন্টারপ্রাইজ | ১৫,৯৫,০০০/- | বোর্ড তহবিল | |
| ১৭। | রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিম পার্শ্বে সিএস দাগ নং-৩১২ তে ০৪(চার) তলা বিশিষ্ট মার্কেট নির্মাণ কাজ। | ২,৪২,৩৭,০০০/- | মেসার্স মা এন্টারপ্রাইজ | ২,৪২,২৬,৯৯০/- | দোকান বরাদ্দের সেলামী বাবদ প্রাপ্ত আয় দ্বারা | পিসিবি কর্তৃক ০৭/০২/১৭ তারিখে মিনিটশীটে অনুমোদিত প্রকল্পের ঘটনোত্তর অনুমোদন। |
| ১৮। | মহাখালী ডিওএইচএস এলাকার ইষ্টার্ণ রোডের পূর্ব পার্শ্বে ৪০টি নিরাপত্তা বাতির সেড নিচুকরণ কাজ। | ১,৯৯,০০০/- | মেসার্স এম এইচ এন্টারপ্রাইজ | ১,৯৯,০০০/- | সংশ্লিস্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ/ বোর্ড তহবিল | |
| ১৯। | ঢাকা সেনানিবাসস্থ বিমান বাহিনী নিয়ন্ত্রিত এলাকার প্রধান সড়কে রোড ডিভাইডার ও সিমেন্টের তৈরী পিলারসহ প্রয়োজনীয় সরঞ্জামাদি সরবরাহ ও স্থাপন। | ৪,৫৯,০০০/- | মেসার্স সাকিব এন্টারপ্রাইজ | ৪,৫৯,৬০০/- | বোর্ড তহবিল | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ২০। | আর্মি এমজি ইউনিট, ঢাকা সেনানিবাসের রোটার লাইট মেরামত এবং রোটার ডিভাইডারের জন্য হানিকম্ব সরবরাহকরণ। | ৩,৪০,০০০/- | মেসার্স কাকলী স্যানিটারী | ৩,৪০,০০০/- | বোর্ড তহবিল | |
| ২১। | সিগন্যাল গেইট গোলচত্বরে স্থাপনের জন্য আর্মি এমপি ইউনিট, ঢাকা সেনানিবাস-কে রিফ্লেকটিং (হানিকম্ব) টেপ সরবরাহকরণ। | ১,০০,০০০/- | মেসার্স কাকলী স্যানিটারী | ১,০০,৫০০/- | বোর্ড তহবিল | |
| ২২। | সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টঃ বোর্ড জেনারেল হাসপাতালের পুরাতন ভবনের ডাক্তাদের চেম্বারের জন্য টেবিল চেয়ার সরবরাহকরণ কাজ। | ৭৩,৭০০/- | মেসার্স আমিন ব্রাদার্স | ৭৩,৭০০/- | বোর্ড তহবিল | |

আলোচনা : আলোচ্য বিষয়-৩২ এ বর্ণিত ছকে প্রকল্পগুলোর মূল্যানুমান বোর্ডসভা ও সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অনুমোদনক্রমে বাস্তবায়নের জন্য দরপত্র আহ্বান করা হয়। গ্যারিসন ডিউটি অফিসার (জিডিও)'র উপস্থিতিতে টেন্ডার ওপেনিং কমিটির সামনে দরপত্র বাক্স খোলা হয় এবং টেন্ডার ইভ্যালুয়েশন কমিটি (টিইসি) কর্তৃক পর্যালোচনা করে সুনির্দিষ্ট মতামত প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত : ৩২.১। আলোচ্য বিষয়-৩২ এর ২২ (বাইশ)টি প্রকল্পের প্রকল্পগুলোর দর অনুমোদন করা হয়। ক্রমিক নং-৫ এর পরিত্যক্ত সম্পত্তির প্রকল্পটি পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা বোর্ডের অনুমোদনক্রমে বাস্তবায়ন করতে হবে।

৩২.২। ক্রমিক নং-২, ৩, ৬, ৭, ৮, ৯, ১০, ১১ ও ১৫ এ উল্লেখিত প্রকল্পগুলোর কার্যাদেশ প্রদান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

৩২.৩। ক্রমিক নং-১, ৪, ১২, ১৩, ১৪, ১৬, ১৭, ১৮, ১৯, ২০, ২১ ও ২২ এর প্রকল্পসমূহের দর অনুমোদন, ব্যয়ের অনুমোদন ও প্রযোজ্য ক্ষেত্রে অনুদান বরাদ্দের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে এবং অনুমোদন সাপেক্ষে কার্যাদেশ প্রদান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্য বিষয়-৩৩: কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-১৫১ প্লটে নতুন ০৭(সাত) তলা বাড়ির ইমারত নির্মাণের সময়সীমা এক বছর বর্ধিত করণের জন্য জনাব মোঃ রুহুল আমিন পাটওয়ারী গং এর ১৪ ডিসেম্বর ২০১৬ তারিখের আবেদন প্রসংগে।

আলোচনা : নতুন ০৭(সাত) তলা বাড়ির ইমারত নির্মাণের সময়সীমা এক বছর বর্ধিত করণের জন্য কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-১৫১ প্লট মালিক জনাব মোঃ রুহুল আমিন পাটওয়ারী গং এর ১৪ ডিসেম্বর ২০১৬ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন।

সিদ্ধান্ত : কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-১৫১ প্লটে বাড়ী নির্মাণের জন্য সময়সীমা ডিসেম্বর, ২০১৭ পর্যন্ত যদি কোন অননুমোদিত নির্মাণ থাকে তবে তা অপসারণ সাপেক্ষে অনুমোদন করা হলো।

আলোচ্য বিষয়-৩৪: ঢাকা সেনানিবাসস্থ সিএস ও এসএ দাগ নং-১২৮, মৌজা-লালাসরাই, শহীদ বদিউজ্জামান রোডস্থ সিবি-২৭৮/৪ প্লটে নতুন ০৭(সাত) তলা বাড়ির ইমারত নির্মাণের সময়সীমা এক বছর বর্ধিত করণের জন্য জনাব এইচ এম ওলিউল্লাহ বাদশাহ এর ২৭ নভেম্বর ২০১৬ তারিখের আবেদন প্রসংগে।

আলোচনা : সিবি-২৭৮/৪ প্লটে নতুন ০৭(সাত) তলা বাড়ির ইমারত নির্মাণের সময়সীমা এক বছর বর্ধিত করণের জন্য প্লট মালিক জনাব এইচ এম ওলিউল্লাহ বাদশাহ এর ২৭ নভেম্বর ২০১৬ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন।

সিদ্ধান্ত : কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-২৭৮/৪ প্লটে নতুন ০৭(সাত) তলা বাড়ির ইমারত নির্মাণের সময়সীমা ডিসেম্বর, ২০১৭ পর্যন্ত যদি কোন অননুমোদিত নির্মাণ থাকে তবে তা অপসারণ সাপেক্ষে অনুমোদন করা হলো।

আলোচ্য বিষয়-৩৫: কচুক্ষেত পুরান বাজার এলাকার ২১১/১১ নং প্লটে নতুন ০৭ তলা বাড়ি নির্মাণের জন্য রাস্তার ক্ষতিপূরণ প্রতি বর্গফুট ২৫/- (পঁচিশ) টাকার পরিবর্তে ১০/- (দশ) টাকা হারে প্রদানের বিষয়ে সংশ্লিষ্ট প্লট মালিক জনাব এস এম ফজর আলী গং এর ১৪ নভেম্বর ২০১৬ তারিখের আবেদন প্রসংগে।

সিদ্ধান্ত : কচুক্ষেত পুরান বাজার এলাকার ২১১/১১ নং প্লটে নতুন ০৭ তলা বাড়ি নির্মাণের জন্য রাস্তার ক্ষতিপূরণ প্রতি বর্গফুট ১০/- (দশ) টাকা হারে গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-৩৬: বিদ্যুৎ বিল বৃদ্ধি পাওয়ায় ক্যান্টনমেন্ট বাজার এলাকা, কচুক্ষেত পুরাতন বাজার ও ধামালকোট এলাকায় পানির বিলের রেইট বৃদ্ধিকরণ প্রসংগে।

আলোচনা : বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, কচুক্ষেত পুরাতন বাজার ও ধামালকোট এলাকার বাড়ির মালিকগন প্রতি ফ্ল্যাট ৬০০/- টাকা হিসেবে পানির বিল দিয়ে থাকেন। কিন্তু যে পরিমাণ পানি ব্যবহার করে সেই তুলনায় প্রতি ফ্ল্যাট পানির বিল ৬০০/- (ছয়শত) টাকা খুব কম হয়। উল্লেখ্য যে, ২৮ ফেব্রুয়ারি-২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-২৫ এর মাধ্যমে প্রতি ফ্ল্যাট পানির বিল পূর্বের ৪০০/- (চারশত) টাকা থেকে বৃদ্ধি করে ৬০০/- (ছয়শত) টাকায় বর্ধিত করা হয়। দীর্ঘ সময় অতিবাহিত হওয়ার পরও পানির বিল বৃদ্ধি করা হয়নি। উল্লেখ্য যে, গত কয়েক বছরে একাধিক বার বিদ্যুৎ বিল বৃদ্ধি করা হয়েছে। ফলে পানির পাম্পের বিদ্যুৎ বিল ডেসকোকে পূর্বের তুলনায় অধিক হারে পরিশোধ করতে হচ্ছে। এমতাবস্থায় ফ্ল্যাট প্রতি পানির বিল ৬০০/- (ছয়শত) টাকার স্থলে ৮০০/- (আটশত) টাকা হারে বৃদ্ধি করা যেতে পারে। উল্লেখ্য যে, ঢাকা ওয়াসার মিটার বিহীন আবাসিক সংযোগে হোল্ডিং এর বার্ষিক মূল্যায়নের উপর ৫২.০৪% অর্থাৎ একটি ফ্ল্যাটের হোল্ডিং ট্যাক্স

যদি বৎসরে ২০,০০০/- (বিশ হাজার) টাকা হয়। তাহলে ২০,০০০/- × ৫২.০৪% = ১০৪০৮/- ÷ ১২ মাস = ৮৬৭/- টাকা দাড়াবে। সে হিসেবে ঢাকা ওয়াসার পানির বিলের সাথে সামঞ্জস্য রেখে ফ্ল্যাট প্রতি পানির বিল ৬০০/- টাকার স্থলে ৮০০/- টাকা উন্নীত করা যেতে পারে।

সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বাজার এলাকা, কচুক্ষেত পুরাতন বাজার ও ধামালকোট এলাকার বাড়ির ফ্ল্যাট প্রতি পানির বিল ৬০০/- টাকার স্থলে ৮০০/- টাকা ধার্য করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-৩৭: বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্তৃক বিদ্যুৎ বিলের রেইট বৃদ্ধি করায় রজনীগন্ধা সুপার মার্কেটে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক সরবরাহকৃত বিদ্যুৎ রেইট বৃদ্ধিকরণ প্রসংগে।

আলোচনা : বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্তৃক গত ০২ বছরে কয়েকবার বিদ্যুৎ বিল বৃদ্ধি করা হয়েছে। সেপ্রেক্ষিতে ঢাকা ইলেকট্রিক কোঃ লিঃ (ডেসকো) সর্বশেষ সেপ্টেম্বর-২০১৫ সাল হতে বর্ধিত বিদ্যুৎ বিল গ্রাহকদের নিকট কার্যকর করেছে। কিন্তু ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক রজনীগন্ধা সুপার মার্কেটে সরবরাহকৃত বিদ্যুৎ বিল সেপ্টেম্বর-২০১৪ হতে প্রতি ইউনিট ৯.০০ (নয়) টাকা হারে গ্রাহকদের নিকট হতে নেয়া হচ্ছে। দীর্ঘ ২ বৎসরের অধিক সময়ের মধ্যে গ্রাহকদের নিকট বিদ্যুৎ বিল বৃদ্ধি করা হয়নি। নথিপত্র পর্যালোচনায় দেখা গেছে ডেসকো হতে ক্রয়কৃত বিদ্যুৎ ইউনিট অফ-পিক সময়ে ৬.৮৮ টাকা, পিক সময়ে ৯.৫৭ টাকা এবং ফ্ল্যাট/গড় হিসেবে ইউনিট প্রতি ৮.২৩ টাকা হিসেবে ক্রয় করতে হচ্ছে। যেহেতু ডেসকো কর্তৃক কয়েক বার কয়েক দফায় বিদ্যুৎ বিল বৃদ্ধি করা হয়েছে, সেহেতু অত্র দপ্তর কর্তৃক রজনীগন্ধা সুপার মার্কেটের বিদ্যুৎ বিল বৃদ্ধি করা প্রয়োজন। উল্লেখ্য যে, পিক সময়ে বিদ্যুৎ বেশি ব্যবহৃত হয় বিধায় পিক সময়ের বিল বেশি হয়। তাই গ্রাহকদের নিকট হতে ইউনিট প্রতি রেইট ৯.০০ (নয়) টাকার স্থলে ১১.০০ টাকা হারে নেয়া যেতে পারে।

সিদ্ধান্ত : রজনীগন্ধা সুপার মার্কেটের গ্রাহকদের নিকট হতে ইউনিট প্রতি রেইট ৯.০০ (নয়) টাকার স্থলে ১১.০০ টাকা হারে ধার্য করে আদায়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়-৩৮: স্বাধীনতা সরণির বনানী এমপি চেকপোস্টে একটি অত্যাধুনিক গেইট ও চেকপোষ্ট নির্মাণ কাজের আর্কিটেক্ট/কনসালটেন্ট নিয়োগে কনসালটেন্সি ফি বৃদ্ধি প্রসংগে।

আলোচনা : স্বাধীনতা সরণির বনানী এমপি চেকপোস্টে একটি অত্যাধুনিক গেইট ও চেকপোষ্ট নির্মাণ কাজের ড্রয়িং ডিজাইন প্রস্তুত করার জন্য কসনালটেন্ট 3P কমিউনিকেশন ৫,০০,০০০/- টাকার সর্বনিম্ন দর দাখিল করেন। সে মতে কার্যাদেশ প্রদান করা হয়। কিন্তু ৫,০০,০০০/- টাকার বিল হতে ভ্যাট আইটি কর্তন করা হলে উক্ত কনসালটেন্ট আপত্তি করেন এবং ৫,০০,০০০/- টাকা ভ্যাট আইটি এর আওতামুক্ত হিসেবে দর দাখিল করেছেন মর্মে জানান। এমতাবস্থায় কনসালটেন্ট এর ফি ৬,৬৭,০০০/- টাকা ধার্য করা হলে ভ্যাট আইটি কর্তন সাপেক্ষে ৫,০০,০০০/- টাকা বিল পরিশোধ করা সম্ভব হবে। সে প্রেক্ষিতে পিপিআর মোতাবেক ৬,৬৭,০০০/- (ছয় লক্ষ সাতষট্টি হাজার) টাকার ভেরিয়েশন অর্ডার অনুমোদন করা যেতে পারে।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে প্রকল্প কাজের পরিমাণ অনেক বৃদ্ধি পাওয়ায় পিপিআর-২০০৮ এর আলোকে স্বাধীনতা সরণির বনানী এমপি চেকপোস্টে একটি অত্যাধুনিক গেইট ও চেকপোষ্ট নির্মাণ কাজের ড্রয়িং ডিজাইন প্রস্তুত করার জন্য কসনালটেন্ট 3P কমিউনিকেশন এর কনসালটেন্সি ফি ৫,০০,০০০/- টাকার ২০% = ১,০০,০০০/- টাকা বৃদ্ধি করে ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকার ভেরিয়েশন অর্ডার অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করতে হবে। অতিরিক্ত কনসালটেন্সি ফি বোর্ড তহবিল হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-৩৯: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের সকল অকেজো ও অব্যবহারযোগ্য পুরাতন মালামাল নিলামে বিক্রয় করার জন্য প্রস্তুতকৃত এমআরপি অনুমোদন প্রসংগে।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের সকল অকেজো ও অব্যবহারযোগ্য পুরাতন মালামাল নিলামে বিক্রয় করার লক্ষ্যে মোট ১,৭৯,৩২৭/- (এক লক্ষ উনআশি হাজার তিনশত সাতাশ) টাকার এমআরপি প্রস্তুত করা হয়েছে। উক্ত মালামালগুলো অকেজো ঘোষণাকরণ এবং প্রস্তুতকৃত এমআরপি অনুমোদন করা যেতে পারে। বোর্ডসভার অনুমোদনের পর নিলাম বিজ্ঞপ্তি আহবানের মাধ্যমে নিলাম প্রক্রিয়া গ্রহণ করা যেতে পারে। আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত : অকেজো ঘোষণাকরণসহ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের সকল অকেজো ও অব্যবহারযোগ্য পুরাতন মালামাল নিলামে বিক্রয় করার লক্ষ্যে মোট ১,৭৯,৩২৭/- (এক লক্ষ উনআশি হাজার তিনশত সাতাশ) টাকার এমআরপি অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। জরুরী ভিত্তিতে দরপত্র বিজ্ঞপ্তি আহবান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্য বিষয়-৪০: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪/এ নং রোডের উত্তর পার্শ্বে বাসস্টপেজ, দোকান ও রেষ্টুরেন্ট নির্মাণ কাজের সংশোধিত নকশা অনুমোদন ও রয়্যালটি কমানো প্রসংগে উক্ত কাজে নিয়োজিত প্রতিষ্ঠান "কে-মার্ক" কর্তৃক ২৩ জানুয়ারি ২০১৭ তারিখে অত্র দপ্তরে দাখিলকৃত আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : উক্ত কাজের এটিএম বুথ পরিবর্তন করে সংশোধিত নকশা অনুমোদন ও রয়্যালটি কমানোর বিষয়ে নিয়োজিত প্রতিষ্ঠান "কে-মার্ক" কর্তৃক ২৩ জানুয়ারি ২০১৭ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। নির্ধারিত রয়্যালটি ছিল প্রতি মাসে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা। যেহেতু একটি আইটেম এটিএম বুথ কমানো হয়েছে সেহেতু উক্ত রয়্যালটি ফি পুনঃনির্ধারন পূর্বক ১৫,০০০/- (পনের হাজার) টাকা করার জন্য আবেদনে উল্লেখ করেন। আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে এটিএম বুথ পরিবর্তনের সংশোধিত নকশা অনুমোদনসহ প্রতি মাসে রয়্যালটি ফি ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার স্থলে ৪০,০০০/- চল্লিশ হাজার) টাকা নির্ধারণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়-৪১: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৩/ডি নং প্লটে পুরাতন বাড়ী ভেঙ্গে নতুন ০৭ তলা বাড়ী নির্মাণের নকশা অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৩/ডি নং প্লটের নথি পর্যালোচনা করে দেখা যায় যে ৪৩/ডি নং প্লটের মূল ইজারা গ্রহিতা ছিলেন জনাব তাহের আলী। তাহের আলীর নিকট হতে ক্রয় সূত্রে মালিক জনাব সাজ্জাদ হোসেন। জনাব সাজ্জাদ হোসেনের নিকট হতে মালিকানা প্রাপ্ত হন মিসেস সারা ফখরুদ্দীন । মিসেস সারা ফখরুদ্দীন এর নামে ০২/৬/১৯৮৬ তারিখে তিনতলা বাড়ির নকশা অনুমোদন করা হয়। পরবর্তীতে মিসেস সারা ফখরুদ্দীন হতে ক্রয়সূত্রে মালিক হন জনাব গোলাম কবির তালুকদার। গোলাম কবির তালুকদার তিনতলা পুরাতন বাড়ি ভেঙ্গে ০৭ তলা বাড়ি নির্মাণের নকশা অনুমোদনের নিমিত্ত অত্র দপ্তরে নকশা দাখিল করেন। বাড়ির গৃহকর পরিশোধ আছে। উক্ত প্লটের দলিলাদি সঠিক আছে কিনা সে বিষয়ে আইন উপদেষ্টার মতামত চাওয়া হলে নোটশীটের অনুচ্ছেদ-৪৪এর মাধ্যমে জানানো হয়েছে ক্যান্টনমেন্ট বাজার এলাকার প্লট নং-৪৩/ডি, রোড নং-৮ এর প্লটটির মূল ইজারা গ্রহিতা ছিলেন তাহের আলী। বিগত ৩১/৩/১৯৬৩ইং তারিখে তার সহিত ক্যান্টনমেন্ট বোর্ডের সিডিউল IX-A মোতাবেক ইজারা দলিল সম্পাদিত হয়। ক্যান্টনমেন্ট এ্যাক্ট এর ২৮০ ধারার বিধান মোতাবেক সরকার বোর্ডের কার্য পরিচালনার জন্য বিধি ও বাই-লজ প্রস্তুত করতে পারে। এমতাবস্থায় তফসিল IX-A চুক্তিনামার শর্ত মোতাবেক ক্যান্টনমেন্টস্ আইন ১৯২৪ এর ২৮০ ধারার আওতায় প্রনীত বিধিমালা অনুসারে মিলিটারী এষ্টেটস্ অফিসার/ক্যান্টনমেন্ট বোর্ড ইজারাদাতার পক্ষে সহি স্বাক্ষর করতে পারে। উপরোল্লিখিত বর্ণনার আলোকে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৩/ডি নং প্লটে নতুন ০৭ তলা বাড়ির নকশা অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৩/ডি নং প্লটে নতুন ০৭ তলা বাড়ির নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান/ ডেভলপার কর্তৃক বাড়ী নির্মিত হলে সংশ্লিষ্ট ডেভলপারকে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে। প্লট মালিক নিজে বাড়ী নির্মাণ করলে তিনি এ মর্মে অঙ্গীকারনামা দিবেন যে, তাঁর প্লটে কোন নির্মাণকারী প্রতিষ্ঠান/ডেভলপার চুক্তিবদ্ধ হয়ে কাজ করছেন মর্মে প্রমাণিত হলে সকল প্রকার ক্ষতিপূরণ তিনি দিতে বাধ্য থাকবেন এবং ক্যান্টনমেন্ট বোর্ড প্রয়োজনীয় ক্ষতিপূরণ না পেলে অনুমোদিত নকশা স্থগিতসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করলে তিনি তা মেনে নিতে বাধ্য থাকবেন।

আলোচ্য বিষয়-৪২: ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত ডিওএইচএসসমূহ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা এবং সেনানিবাস ঘোষিত এলাকার কর নির্ধারণে প্লট/ফ্ল্যাট সমূহের হালনাগাদ তালিকার উপর আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : ০৪টি ডিওএইচএস, ক্যান্টনমেন্ট বাজার এলাকা এবং সেনানিবাস ঘোষিত এলাকার কর নির্ধারণে প্লট/ফ্ল্যাট সমূহের হালনাগদ তালিকা প্রস্তুতের জন্য ০৬টি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের সারসংক্ষেপ নিম্নে প্রদত্ত হলো ঃ-

| ক্র/ নং | এলাকার নাম | প্লট সংখ্যা | ফ্ল্যাট সংখ্যা | দোকান সংখ্যা | সম্ভাব্য কর | ২০১৬-১৭ আর্থিক সালে বাজেটের টার্গেট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | বনানী ডিওএইচএস | ১৮১ | ১৩৩৯ | ০১ | ১৫২৯৪৩৫৮.০০ | ১০৫০০০০০.০০ | |
| ২. | মহাখালী ডিওএইচএস | ৫৩৭ | ২৮২৩ | ১৪ | ২৭৭৪৭৭৬৫.০০ | ২২৫০০০০০.০০ | |
| ৩. | বারিধারা ডিওএইচএস | ৫৭৬ | ৩৭৫৯ | ১৬ | ৩২৫৫৩৪০০.০০ | ২২৩০০,০০০.০০ | |
| ৪. | মিরপুর ডিওএইচএস | ১২৯০ | ৫৩৩৫ | ৭৬ | ৩৫৩৮২১৫০.০০ | ১০৫০০০০০.০০ | খালি প্লট-৭১<br>অফিস-৪৯৯ |
| ৫. | ক্যান্টঃ বাজার এলাকা | ১২৭ | ৮২৯ | ১২ | ৭৬৩৪০৬০.০০ | ৮৫০০০০০.০০ | অফিস-০২ |
| ৬. | সেনানিবাস ঘোষিত এলাকা (কচুক্ষেত) | ৫২১ | ২৭৬৫ (টিনসেড-২০৮) | ২১২ (বাণিজ্যিক-৯৬) | ১৩৫৩৫৫৬৬.০০ | ৬৫০০০০০.০০ | ফ্ল্যাট-৭৮,৭০,৮৯৬/-<br>টিনসেড-৭,২৬,৬৬৮/-<br>বাণিজ্যিক-৪৯,৩৮,০০২/- |
| | | | | | ১৩২১৪৭২৯৯.০০ | ৮০,৮০০,০০০.০০ | |

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার বাড়ী/ফ্ল্যাটের প্রতি বর্গফুট ০৬/- (ছয়) টাকা, কচুক্ষেত পুরান বাজার এলাকার আবাসিক ভবনের ক্ষেত্রে ০৫/- (পাঁচ) টাকা, টিনসেড বাড়ীর ক্ষেত্রে ০৩/- (তিন) টাকা এবং কমার্শিয়াল ভবন/দোকানের ক্ষেত্রে ০৮/- (আট) টাকা হারে গৃহকর ধার্য করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। এ হার আগামী ২০১৭-২০১৮ অর্থ বছর হতে প্রযোজ্য হবে। তাছাড়াও বাড়ীঘর ও দোকানপাটের হালনাগাদ তথ্য প্রতিমাসের বোর্ডসভায় উপস্থাপন করতে হবে।

আলোচ্য বিষয়-৪৩: ঢাকা সেনানিবাসস্থ বনানী এমপি চেকপোষ্টে অত্যাধুনিক গেইট নির্মাণে দক্ষিণাংশে ম্যুরালসহ অন্যান্য সৌন্দর্যবর্ধক কাজের জন্য জিই (দক্ষিণ) কর্তৃক প্রস্তুতকৃত ৬২,৮৪,৩০৭/- (বাষট্টি লক্ষ চুরাশি হাজার তিনশত সাত) টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : ঢাকা সেনানিবাসস্থ বনানী এমপি চেকপোষ্টের রাস্তার উত্তর পার্শ্বে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক গেইট নির্মাণ করা হচ্ছে। রাস্তার দক্ষিণ পার্শ্বে জিই(আর্মি) মেইন্ট সাউথ কর্তৃক গেইট নির্মান করা হচ্ছে। বনানী চেকপোষ্টে অত্যাধুনিক গেইট নির্মাণে দক্ষিণাংশে ম্যুরালসহ অন্যান্য সৌন্দর্যবর্ধক কাজের জন্য জিই (দক্ষিণ) কর্তৃক ৬২,৮৪,৩০৭/- (বাষট্টি লক্ষ চুরাশি হাজার তিনশত সাত) টাকার মূল্যানুমান প্রস্তুত করে অত্র দপ্তরে প্রেরণ করা হয়েছে। মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত : ঢাকা সেনানিবাসস্থ বনানী এমপি চেকপোষ্টে অত্যাধুনিক গেইট নির্মাণে দক্ষিণাংশে ম্যুরালসহ অন্যান্য সৌন্দর্যবর্ধক কাজের জন্য জিই (দক্ষিণ) কর্তৃক প্রস্তুতকৃত ৬২,৮৪,৩০৭/- (বাষট্টি লক্ষ চুরাশি হাজার তিনশত সাত) টাকার মূল্যানুমান অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ড তহবিল হতে সংকুলান করতে হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-৪৪: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১ নং রোড সংলগ্ন লালাসরাই মৌজার ২৭৯ নং হোল্ডিং সংলগ্ন খালি জায়গায় ০৪ তলা ফাউন্ডেশনসহ ০২ (দুই) তলা (২x২= ০৪টি বাসা) বিশিষ্ট ক্যান্টনমেন্ট বোর্ডের স্টাফ কোয়ার্টার নির্মাণের জন্য ৯৪,৪৩,৩৫২/- (চুরানব্বই লক্ষ তেতাল্লিশ হাজার তিনশত বায়ান্ন) টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১ নং রোড সংলগ্ন লালাসরাই মৌজার ২৭৯ নং হোল্ডিং সংলগ্ন ১৫৪৩ বর্গফুট খালি জায়গার মধ্যে ০৪ তলা ফাউন্ডেশনে দোতলা পর্যন্ত (২×২)=৪টি বাসা নির্মাণ করা যাবে। প্রতিটি ফ্ল্যাটের আয়তন হবে ৭০২ বর্গফুট। এমইএস সিডিউল অব রেইটস্ ২০১৭ মোতাবেক ৯৪,৪৩,৩৫২/- (চুরানব্বই লক্ষ তেতাল্লিশ হাজার তিনশত বায়ান্ন) টাকা ব্যয় হবে। বর্তমানে জায়গাটি পরিত্যক্ত অবস্থায় আছে। স্টাফ কোয়ার্টার নির্মাণ করা হলে জায়গাটি ক্যান্টনমেন্ট বোর্ডের আওতায় আসবে।

সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১ নং রোড সংলগ্ন লালাসরাই মৌজার ২৭৯ নং হোল্ডিং সংলগ্ন খালি জায়গায় ০৪ তলা ফাউন্ডেশনসহ ০২ (দুই) তলা (২x২= ০৪টি বাসা) বিশিষ্ট ক্যান্টনমেন্ট বোর্ডের স্টাফ কোয়ার্টার নির্মাণের জন্য প্রস্তাব অনুমোদন করা হলো। উক্ত জমি যাতে বেহাত না যায়, সে জন্য জরুরী ভিত্তিতে প্রকল্প কাজ শুরু করা হোক। নকশা ও মূল্যানুমান সভাপতির নিকট পৃথকভাবে উপস্থাপন করতে হবে।

আলোচ্য বিষয়-৪৫: মহাখালী ডিওএইচএস এলাকার মেইন রোড(৩১ ও ২৯ নং রোডের পশ্চিম মাথায়), সেন্ট্রাল রোড (৬ নং রোডের পশ্চিম পার্শ্বে এবং ২ ও ৩ এর পূর্ব পার্শ্বে), ইষ্টার্ণ রোড (২ ও ৩ এর পশ্চিম পার্শ্বে) স্পীড ব্রেকার নির্মাণের বিষয়ে মহাখালী ডিওএইচএস পরিষদের ১৪/০১/২০১৭ তারিখের পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : মহাখালী ডিওএইচএস এর ভেতরে অনেক গাড়ি বেপরোয়াভাবে চলে। ফলে দুর্ঘটনার সমূহ সম্ভাবনা থাকে। এতাবস্থায় মেইন রোডে ০২টি, ইষ্টার্ণ রোডে ০১টি ও সেন্ট্রাল রোডে ০২টি স্পীডব্রেকার নির্মাণ করা প্রয়োজন মর্মে ডিওএইচএস পরিষদের ১৪/০১/২০১৭ তারিখের পত্রের মাধ্যমে জানানো হয়েছে।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে নতুন স্পীড ব্রেকার নির্মাণের প্রস্তাব বিবেচনা করা গেল না।

আলোচ্য বিষয়-৪৬: বীর মুক্তিযোদ্ধা লেঃ কর্ণেল (অবঃ) মোস্তফা কামাল-কে বনানী সামরিক কবরস্থানে ১৩৯বি-২ নং কবরে সামরিক মর্যাদায় দাফন করা হয়। তাঁর কবরটি পাকাকরণ এবং সংরক্ষণের জন্য মরহুমের স্ত্রী মিসেস জাহানারা বেগম আবেদন করেছেন। কবর পাকাকরণের অনুমোদনসহ উক্ত কাজের জন্য ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত : কবর পাকাকরণের অনুমোদনসহ উক্ত কাজের জন্য ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-৪৭: সেনানিবাসের বিভিন্ন স্থানে ট্রাফিক নির্দেশিকা সম্বলিত ০৮টি ইলেক্ট্রনিক তথ্য বোর্ড স্থাপনের জন্য ১,৩৬,০০০/- টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে ১৩ এমপি ইউনিট, ঢাকা সেনানিবাসের ০১ ফেব্রুয়ারি, ২০১৭ তারিখের ২৩.০১.৯০১. ৬৫৫.০১.০৯৯.০১.০১.০২.১৭ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : ১৩ এমপি ইউনিটের আওতাধীন গুরুত্বপূর্ণ রাস্তা শহীদ মঈনুল এবং পদাতিক সরণি রোড সমূহে ট্রাফিক নিয়ন্ত্রণের লক্ষ্যে ইলেকট্রিক তথ্য বোর্ড ইলেকট্রিক পাইলনের সাথে স্থাপন করা একান্ত প্রয়োজন মর্মে ১৩ এমপি ইউনিট, ঢাকা সেনানিবাসের ০১ ফেব্রুয়ারি, ২০১৭ তারিখের ২৩.০১.৯০১. ৬৫৫.০১.০৯৯. ০১.০১.০২.১৭ নং পত্রের মাধ্যমে ৩০×৬০ ইঞ্চি সাইজের ০৮টি ইলেকট্রিক তথ্য বোর্ড স্থাপনের জন্য অত্র দপ্তরে অনুরোধ জানানো হয়েছে। উল্লেখ্য যে উক্ত কাজের জন্য মোট ১,৩৬,০০০/- (এক লক্ষ ছত্রিশ হাজার) টাকা হবে। উক্ত ব্যয় বোর্ড তহবিল হতে সংকুলান করা যেতে পারে।

সিদ্ধান্ত : ১৩ এমপি ইউনিটের আওতাধীন গুরুত্বপূর্ণ রাস্তা শহীদ মঈনুল এবং পদাতিক সরণি রোড সমূহে ট্রাফিক নিয়ন্ত্রণের লক্ষ্যে ৩০×৬০ ইঞ্চি সাইজের ০৮টি ইলেকট্রিক তথ্য বোর্ড স্থাপনের জন্য ১,৩৬,০০০/- (এক লক্ষ ছত্রিশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত ব্যয় বোর্ড তহবিল হতে সংকুলান করতে হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-৪৮: মেসার্স তাসমিনা এন্টারপ্রাইজ এবং মেসার্স লাবিব এন্টারপ্রাইজ প্রতিষ্ঠান ঠিকাদারী প্রতিষ্ঠান ০২টি ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার প্রতিষ্ঠান হিসেবে তালিকাভুক্তির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা :

| ক্র/নং | ফার্ম ও স্বত্ত্বাধিকারীর নাম | ফার্মের ঠিকানা | আবেদনের তারিখ |
|---|---|---|---|
| ১. | মেসার্স তাসমিনা এন্টারপ্রাইজ<br>প্রোঃ মীর গোলাম ফারুক | গ্রাম-পশ্চিম পুয়ালী, পোঃ- আমিরিয়া গোপালপুর, থানা-কালকিনি, জেলা-মাদারীপুর। | ৩০/০১/২০১৭ ইং |
| ২. | মেসার্স লাবিব এন্টারপ্রাইজ<br>প্রোঃ মোঃ নূর হোসেন খাঁন | ১৩ নং ধামাল কোর্ট, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। | ২৯/০২/২০১৬ ইং |

উপরোক্ত ঠিকাদার প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী অত্র দপ্তরে প্রথম শ্রেণীর ঠিকাদার প্রতিষ্ঠান হিসেবে তালিকাভূক্তির জন্য অত্র দপ্তরে আবেদন করেছেন। আবেদনের সাথে ভ্যাট সনদ, ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট ও অঙ্গীকারনামাসহ অন্যান্য চাহিত কাগজপত্রাদি জমা করেছেন। প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তররের নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে উপরোক্ত প্রতিষ্ঠানসমূহ অত্র দপ্তরে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভূক্তি করা যেতে পারে।

সিদ্ধান্ত : প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তররের নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে মেসার্স তাসমিনা এন্টারপ্রাইজ, প্রোঃ মীর গোলাম ফারুক-কে ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-৪৯: সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ইনডোর ও আউটডোরের ঔষধ সরবরাহ করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ইনডোর ও আউটডোরের ঔষধ সরবরাহ করার জন্য ২৬ ডিসেম্বর ২০১৬ তারিখে দরপত্র আহবান করা হয় এবং মোট ১২টি প্রতিষ্ঠান দরপত্র দাখিল করেন। বিষয়টি ২৮ ডিসেম্বর ২০১৭ তারিখের বোর্ড সভার আলোচ্য-সূচী ৪৪ বিধি-৩ এর মাধ্যমে উপস্থাপন করা হলে Tender Evaluation committee গঠন করে প্রতিবেদন দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ প্রেক্ষিতে টিইসি প্রতিবেদন দাখিল করেন। তাদের প্রতিবেদন অনুসারে ৮টি প্রতিষ্ঠানকে নিম্নভাবে মোট ৭,৮৭,২৮৪/- কার্যাদেশ প্রদান করা যেতে পারেঃ

| ক্রঃ নংঃ | প্রতিষ্ঠানের নাম | আইটেমের পরিমান | মোট মূল্য |
|---|---|---|---|
| ১। | দি একমি ল্যাবরোটরিজ লিঃ | ৪২ টি | ৩৩৫৪৯৬.৫০ |
| ২। | স্কয়ার ফার্মাসিটিক্যালস্ লিমিটেড | ১১ টি | ৯১৩৭৪.৯০ |
| ৩। | অপসোনিন ফার্মা | ০৬ টি | ৫৮৭৭৫.০০ |
| ৪। | রেনেটা লিমিটেড | ০২ টি | ১০৬১০.০০ |
| ৫। | এসকায়েফ বাংলাদেশ লিমিটেড | ০৩ টি | ২১৯৫০.০০ |
| ৬। | জেসন ফার্মাসিটিক্যালস্ লিমিটেড | ০২ টি | ২৭২৮.০০ |
| ৭। | ইবনে সিনা ফার্মসিটিক্যালস্ লিমিটেড | ০৫ টি | ২৫৭০০.০০ |
| ৮। | মেসার্স আর আর ব্রাদার্স | ৩১ টি | ২৪০৬৫০.০০ |
| | | মোট টাকা = | ৭৮৭২৮৪.৪০ |

সিদ্ধান্ত : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ইনডোর ও আউটডোরের ঔষধ সরবরাহ করার নিমিত্ত নিম্নোক্ত ব্যয়ের অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয় ঃ-

| ক্রঃ নংঃ | প্রতিষ্ঠানের নাম | আইটেমের পরিমান | মোট মূল্য |
|---|---|---|---|
| ১। | দি একমি ল্যাবরোটরিজ লিঃ | ৪২ টি | ৩৩৫৪৯৬.৫০ |
| ২। | স্কয়ার ফার্মাসিটিক্যালস্ লিমিটেড | ১১ টি | ৯১৩৭৪.৯০ |
| ৩। | অপসোনিন ফার্মা | ০৬ টি | ৫৮৭৭৫.০০ |
| ৪। | রেনেটা লিমিটেড | ০২ টি | ১০৬১০.০০ |
| ৫। | এসকায়েফ বাংলাদেশ লিমিটেড | ০৩ টি | ২১৯৫০.০০ |
| ৬। | জেসন ফার্মাসিটিক্যালস্ লিমিটেড | ০২ টি | ২৭২৮.০০ |
| ৭। | ইবনে সিনা ফার্মসিটিক্যালস্ লিমিটেড | ০৫ টি | ২৫৭০০.০০ |
| ৮। | মেসার্স আর আর ব্রাদার্স | ৩১ টি | ২৪০৬৫০.০০ |
| | | মোট টাকা = | ৭৮৭২৮৪.৪০ |

সংশ্লিষ্ট প্রতিষ্ঠান-কে কার্যাদেশ প্রদান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

আলোচ্য বিষয়-৫০: রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিম পার্শ্বে থাই গার্ডেন সংলগ্ন কাফরুল মৌজার সিএস দাগ নং-৩১২ এর ০.০৫৪৪ একর জমিতে নির্মিতব্য দোকান ইজারা/বরাদ্দ/ভাড়া প্রদানের নিমিত্তে দাখিলকৃত দরপত্রসমূহ যাচাই-বাছাই পূবক মূল্যায়ণ করার জন্য গঠিত মূল্যায়ণ কমিটির ঘটনোত্তর অনুমোদন প্রদান প্রসংগে।

আলোচনা: রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিম পার্শ্বে থাই গার্ডেন সংলগ্ন কাফরুল মৌজার সিএস দাগ নং-৩১২ এর ০.০৫৪৪ একর জমিতে কিছু পাকা দোকান নির্মাণ করার কার্যক্রম গ্রহন করা হয়েছে। উক্ত নির্মিতব্য দোকানসমূহ ইজারা/বরাদ্দ/ভাড়া প্রদানের নিমিত্তে দরপত্র যাচাই-বাছাই পূর্বক দর মূল্যায়ন করার জন্য কমিটি গঠণের বিষয়টি প্রেসিডেন্ট, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ১৫ জানুয়ারি ২০১৭ তারিখের মিনিটশীটের মাধ্যমে নিম্নোক্তভাবে মূল্যায়ন কমিট গঠন করা হয় ঃ-

(১) মেজর জাহাঙ্গীর আলম -- সভাপতি
এস এস ও, স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস।

(২) জনাব মোঃ আলম খান -- সদস্য
নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৩) জনাব মোঃ ওমর ফারুক -- সদস্য
সহকারী সচিব, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৪) জনাব মোঃ আবুল বাশার মিয়া -- সদস্য
হিসাব রক্ষন অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৫) কাজী মোঃ পেয়ারু -- সদস্য সচিব
রেভিনিউ অফিসার (অঃদাঃ), ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

সিদ্ধান্ত: প্রেসিডেন্ট, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ১৫ জানুয়ারি, ২০১৭ তারিখের মিনিটশীটের মাধ্যমে রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিম পার্শ্বে থাই গার্ডেন সংলগ্ন কাফরুল মৌজার সিএস দাগ নং-৩১২ এর ০.০৫৪৪ একর জমিতে নির্মিতব্য দোকানসমূহ ইজারা/বরাদ্দ/ভাড়া প্রদানের নিমিত্তে দরপত্র যাচাই-বাছাই পূর্বক দর মূল্যায়ন করার জন্য গঠিত দর মূল্যায়ন কমিটির ঘটনোত্তর অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়-৫১: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৪/এ প্লটে নির্মিত ০৭ তলা ভবনের অননুমোদিত নির্মাণ জরিমানা প্রদান সাপেক্ষে নিয়মিতকরণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮ নং রোডের ৫৪/এ নং প্লটে ০৭ তলা ভবন নির্মাণ করা হয়েছে। উক্ত ভবনের অনুমোদিত নকশা বহির্ভূত পিছনে ৬-৬˝ এর মধ্যে ১২-০˝×(৬-৬˝+৪-৯˝)÷২= ৬৭.৫০ বর্গফুট নিচতলায় টয়লেট এবং ২য় তলায় ১৬-০˝×(০-০˝+৩-৬˝)÷ ২=২৮.০০ বর্গফুট ক্যান্টিলিভার বারান্দা এবং প্লটের পশ্চিম পার্শ্বে ৪ -০˝ এর মধ্যে ৭×৮-৬˝×১-২˝ = ৬৯.০০ বর্গফুট সিঁড়ির ল্যান্ডিং বর্ধিত করা হয়েছে।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে বিধিমোতাবেক জরিমানা আদায় সাপেক্ষে নিয়মিতকরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-৫২: মিরপুর ডিওএইচএস এলাকার ৬১৫ নং প্লটের বামপার্শ্বের খালী জায়গা বরাদ্দের বিষয়ে জনাব মোঃ রফিকুল ইসলাম, ব্যবস্থাপনা পরিচালক, ব্লুম এন্ড স্লিক লিঃ ও ই এম এফ ইঞ্জিনিয়ারিং ট্রেড লিংক ইন্টারন্যাশনাল এর ২৫ জানুয়ারি, ২০১৭ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: জনাব মোঃ রফিকুল ইসলাম, মিরপুর ডিওএইচএস এলাকায় বাড়ী নং-১২৩৩, এভিনিউ-১০, ফ্ল্যাট নং-বি-২, এর ঠিকানায় ব্লুম এন্ড স্লিক লিঃ ও ই এম এফ ইঞ্জিনিয়ারিং ট্রেড লিংক ইন্টারন্যাশনাল নামক দুইটি ব্যবসা পরিচালনা করছেন। তিনি ২৫ জানুয়ারি ২০১৭ তারিখের আবেদনে জানান যে, মিরপুর ডিওএইচএস এলাকায় ৬১৫ নং প্লটের বাম পার্শ্বের খালি জায়গা রয়েছে। উক্ত খালি জায়গা যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে স্বাস্থ্যসম্মত খাবার সরবরাহ করার জন্য একটি আধুনিক রেস্তোরা প্রতিষ্ঠা করতে ইচ্ছা পোষণ করে বরাদ্দ প্রদানের জন্য আবেদন করেছেন। উল্লেখ্য যে, ডিওএইচএস এলাকার জায়গা/জমি সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাস কর্তৃক ইজারা/বরাদ্দ প্রদান করা হয়ে থাকে।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে জমিটি বি-৪ শ্রেণীভূক্ত হওয়ায় প্রস্তাবটি এমইও, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসে চূড়ান্ত অনুমোদনের জন্য প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-৫৩: ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ০৪ নং রোড সংলগ্ন আবাসিক ভবনসমূহে বাণিজ্যিকভাবে ব্যবসা পরিচালনা প্রসংগে।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকায় ১২৭ টি প্লটের মধ্যে ০৪ রোডের বাড়ী নং-৮৬, ৮৮, ৯০, ৯৩,ও ৯৫, নং মোট ৫ টি আবাসিক বাড়ীর নিচতলায় বাণিজ্যিক ভাবে ব্যবসা/দোকান পরিচালনা করা হচ্ছে। উক্ত বাড়ীসমূহে বাণিজ্যিক হিসেবে ব্যবসা পরিচালনার অনুমোদন আছে কিনা সে বিষয়ে ইতোমধ্যে নোটিশ করা হয়েছে।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ন্যায় ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকায় বাণিজ্যিক ভাবে ব্যবসা পরিচালনা করায় প্রতি বর্গফুট ০৮/- (আট) টাকা হিসেবে ভাড়া আদায়ের সিদ্ধান্ত গৃহীত হলো। এ হার ফেব্রুয়ারি, ২০১৭ হতে কার্যকর হবে।

আলোচ্য বিষয়-৫৪: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বর্তমান প্রধান গেইট ভেঙ্গে আধুনিক গেইট নির্মাণের নকশা অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বর্তমান প্রধান গেইট ভেঙ্গে আধুনিক গেইট নির্মাণের নকশা অনুমোদনের বিষয়টি আগামী বোর্ড সভায় উপস্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়-৫৫: ঢাকা সেনানিবাসের শহীদ জাহাঙ্গীর গেইট হতে সিগন্যাল গেইট হয়ে আইএসএসবি গেইট পর্যন্ত বিভিন্ন পাবলিক পরিবহন চলাচলের উপর সারচার্জ ধার্যের বিষয়ে সেনাসদর, কিউএমজি'র শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ৩০/০১/২০১৭ তারিখের ৩৯১৭/১/ক্যান্টবোর্ড-ঢাকা/এমকিউ-২ নং পত্র।

আলোচনা : ঢাকা সেনানিবাসের শহীদ জাহাঙ্গীর গেইট হতে সিগন্যাল গেইট হয়ে আইএসএসবি গেইট পর্যন্ত রাস্তাসমূহ ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন। উক্ত রাস্তা সঠিক ট্রাফিক নিয়ন্ত্রণ এবং সচল রাখার জন্য সাইন বোর্ড, হানিকম্ব, স্টীকার, জিআই পাইপের রেলিং, রোড ডিভাইডার, রাস্তার পটহোল মেরামত, কার্পেটিং ইত্যাদি কাজের প্রতি বছর বিপুল পরিমাণ অর্থ বোর্ড তহবিল হতে ব্যয় করতে হয়। উক্ত রাস্তায় যেহেতু বিভিন্ন বেসামরিক বাণিজ্যিক পরিবহন (যেমন- এলাইক ট্রান্সপোর্ট সার্ভিস, ট্রাষ্ট ট্রান্সপোর্ট, লেগুনা, ইত্যাদি) চলাচল করে থাকে। উক্ত পরিবহনসমূহের সারচার্জ আরোপ করে বোর্ডের আয় বৃদ্ধি করা যেতে পারে। যা দ্বারা রাস্তা মেরামত ও রক্ষণাবেক্ষণ খাতে ব্যয় করা যেতে পারে। এ বিষয়ে পরিবহনের মালিক এবং সেনাকর্তৃপক্ষের সমন্বয়ে একটি সমন্বয় সভা আহবান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা যেতে পারে।

সিদ্ধান্ত : সেনাসদর, কিউএমজি'র শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ৩০/০১/২০১৭ তারিখের ৩৯১৭/১/ক্যান্টবোর্ড-ঢাকা/এমকিউ-২ নং পত্রের নির্দেশনা মোতাবেক পরবর্তী কার্যক্রম গ্রহণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-৫৬: আইএসএসবি গেইট এলাকায় রোপনের জন্য ফুলগাছ ক্রয়ের নিমিত্ত ১,৮৮,৫০০/-(এক লক্ষ আটাশি হাজার পাঁচশত) টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : আইএসএসবি গেট এলাকায় রোপনের জন্য নিম্নবর্ণিত ফুলগাছ ক্রয়ের নিমিত্ত ১,৮৮,৫০০/-(এক লক্ষ আটাশি হাজার পাঁচশত) টাকা ব্যয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উক্ত ব্যয় উদ্যান খাত হতে সংকুলান করা হবে।

| ক্র/নং | বিবরণ | পরিমাণ | দর | মোট টাকা |
|---|---|---|---|---|
| ১। | গ্লোবল ফুলগাছ | ৩০০টি | ৪২০.০০ | ১২৬০০০.০০ |
| ২। | চন্দ্রমল্লিকা | ২৫০টি | ২৫০.০০ | ৬২৫০০.০০ |
| | | | মোট= | ১,৮৮,৫০০.০০ |

সিদ্ধান্ত : আইএসএসবি গেট এলাকায় রোপনের জন্য নিম্নবর্ণিত ফুলগাছ ক্রয়ের নিমিত্ত ১,৮৮,৫০০/-(এক লক্ষ আটাশি হাজার পাঁচশত) টাকা ব্যয়ের অনুমোদন প্রদান করা হয়। উক্ত কাজের যাবতীয় ব্যয় উদ্যান শাখার নৈমিত্তিক খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-৫৭: ৩নং বাংলোর সামনে বিউটি স্পটের জন্য ফুলগাছ ক্রয়ের নিমিত্ত ১,২৭,৪০০/-(এক লক্ষ সাতাশ হাজার চারশত) টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : ৩নং বাংলোর সামনে বিউটি স্পটের জন্য নিম্নবর্ণিত ফুলগাছ ক্রয়ের নিমিত্ত ১,২৭,৪০০/-(এক লক্ষ সাতাশ হাজার চারশত) টাকা ব্যয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উক্ত ব্যয় উদ্যান খাত হতে সংকুলান করা হবে।

| ক্র/নং | বিবরণ | পরিমাণ | দর | মোট টাকা |
|---|---|---|---|---|
| ১। | পিটুনিয়া | ১২০০টি | ৭৫.০০ | ৯০০০০.০০ |
| ২। | ডায়াস্থাস | ৩০০টি | ৭০.০০ | ২১০০০.০০ |
| ৩। | মাটির টব | ২০০টি | ৮২.০০ | ১৬৪০০.০০ |
| | | | মোট= | ১,২৭,৪০০.০০ |

সিদ্ধান্ত : ৩নং বাংলোর সামনে বিউটি স্পটের জন্য ফুলগাছ ক্রয়ের নিমিত্ত ১,২৭,৪০০/-(এক লক্ষ সাতাশ হাজার চারশত) টাকা ব্যয়ের অনুমোদন প্রদান করা হয়। উক্ত কাজের যাবতীয় ব্যয় উদ্যান শাখার নৈমিত্তক খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-৫৮: রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিম পার্শ্বে থাইগার্ডেন সংলগ্ন নির্মিতব্য মার্কেটের ১২ টি দোকান ইজারা/বরাদ্দ প্রদানের নিমিত্ত প্রাপ্ত দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিম পার্শ্বে থাই গার্ডেন সংলগ্ন কাফরুল মৌজার সিএস দাগ নং-৩১২ তে নির্মিতব্য মার্কেটের ২১ (একুশ) টি দোকান ইজারা/বরাদ্দ/ভাড়া প্রদানের জন্য বহুল প্রচারিত দৈনিক প্রথম আলো, দৈনিক বাংলাদেশ প্রতিদিন এবং দৈনিক অবজারভার পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে ১৩/২/২০১৭ তারিখে দরপত্র আহবান করা হয়। উক্ত তারিখে তলা ভিত্তিক ১২(বার) টি দোকানের জন্য মোট ১০৯ টি দরপত্র পাওয়া যায়। প্রাপ্তদরপত্রসমূহ যাচাই-বাছাই কমিটি কর্তৃক যাচাইয়ে সঠিক প্রতীয়মান হয় মর্মে প্রতিবেদন প্রদান করেছেন। কমিটির কর্তৃক যাচাইকৃত দরপত্রের তুলনামূলক বিবৃতিতে সর্বোচ্চ দরদাতার নামসহ দোকানসমূহের বিবরণ নিম্নে প্রদত্ত হলো ঃ-

| ক্রঃনং | সর্বোচ্চ দর দাতার নাম ও ঠিকানা | তলা ও দোকান নম্বর | আয়তন বর্গফুট | প্রাপ্ত সর্বোচ্চ দর | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|
| ১। | উম্মে কুলসুম<br>পিতা-মোঃ নুকুল ইসলাম<br>৪৫২, দক্ষিন কাফরুল, ঢাকা ক্যান্টঃ | ১ম তলা-১<br>(গ্রাউন্ড ফ্লোর) | ৬৭৬.৭৩ | ২৪,০০,০০০.০০ | ১২ টি |
| ২। | জনাব মোঃ গোলাম তৌহিদ<br>পিতা-মরহুম ওয়ালী আহমেদ<br>৩০, সার্কিট হাউজ রোড, ফ্ল্যাট নং-১/৪০৪,<br>ইস্টার্ণ সার্কিট, ঢাকা-১২১৭। | ১ম তলা-২<br>(গ্রাউন্ড ফ্লোর) | ৫৯০.৬২ | ২২,২০,০০০.০০ | ১০ টি |
| ৩। | নাজমুন নাহার<br>স্বামী-মোঃ আজিজুল মিল্লাত<br>১ ও ৩০, ব্লক নং-এফ, আব্দুর সাদেক রোড,<br>বসুন্ধরা আবাসিক এলাকা, ভাটারা, ঢাকা। | ১ম তলা-৩<br>(গ্রাউন্ড ফ্লোর) | ৬১৭.৯৪ | ২০,০১,০০০.০০ | ১০ টি |
| ৪। | আহমেদ সামিন সাঈদ<br>পিতা-আবু সাঈদ মোঃ মাসুদ<br>বাসা নং-৭১, শহীদ মঈনুল রোড, ঢাকা ক্যান্টঃ | ২য় তলা-৪<br>(ফাষ্ট ফ্লোর) | ৩২৩.৩৬ | ১২,১২,০০০.০০ | ১০ টি |
| ৫। | মরিয়ম জাহান<br>স্বামী-আফতাব উদ্দিন<br>বাড়ী নং-২, রোড নং-৪, সেকশন-১৪, ব্লক-বি,<br>মিরপুর, ঢাকা। | ২য় তলা-৫<br>(ফাষ্ট ফ্লোর) | ২৬৯.৫০ | ১১,০০,০০০.০০ | ১০ টি |
| ৬। | এস এম মাসুদ<br>পিতা-মৃত আখির উদ্দীন<br>বাড়ী নং-১৫, রোড নং-৬, ব্লক-বি, মিরপুর,<br>সেকশন-১৪, মিরপুর, ঢাকা। | ২য় তলা-৬<br>(ফাষ্ট ফ্লোর) | ২১২.২৯ | ১২,০০,১০০.০০ | ১০ টি |
| ৭। | ফেরদৌস জাহান<br>স্বামী-এস এম হাবিব ইবনে জাহান<br>গ্রাম-চকলোকমান কলোনী, পোঃ-বগুড়া সদর,<br>থানা+ জেলা-বগুড়া। | ২য় তলা-৭<br>(ফাষ্ট ফ্লোর) | ২০৮.২৫ | ১২,০০,২০০.০০ | ০৭ টি |
| ৮। | ফারজানা পারভীন<br>স্বামী-মোঃ আকবর হোসেন<br>১২০/১, শান্তিনগর, ফ্ল্যাট নং-৪/সি, পল্টন, ঢাকা-<br>১২১৭। | ২য় তলা-৮<br>(ফাষ্ট ফ্লোর) | ৩৪৯.৫৬ | ১২,০১,০০০.০০ | ১০ টি |
| ৯। | মাহফুজা হাওলাদার<br>স্বামী-মোঃ গোলাম তৌহিদ<br>২৭৭, গুলবাগ, মালিবাগ, শান্তিনগর, ঢাকা-<br>১২১৭। | ৩য় তলা-১০<br>(সেকেন্ড ফ্লোর) | ৩২৩.৩৬ | ১২,১০,০০০.০০ | ১০ টি |
| ১০। | জনাব মোঃ গোলাম তৌহিদ<br>পিতা-মরহুম ওয়ালী আহমেদ<br>৩০, সার্কিট হাউজ রোড, ফ্ল্যাট নং-১/৪০৪,<br>ইস্টার্ণ সার্কিট, ঢাকা-১২১৭। | ৩য় তলা-১১<br>(সেকেন্ড ফ্লোর) | ২৬৯.৫০ | ১২,০০,০০০.০০ | ১০ টি |
| ১১। | কর্ণেল ডাঃ মোঃ ইউনুছুর রহমান<br>পিতা-মৃত আব্দুল করিম তালুকদার<br>১৯৬/৬, শহীদ বাশার রোড, ঢাকা ক্যান্টঃ | ৩য় তলা-১২<br>(সেকেন্ড ফ্লোর) | ২১২.২৯ | ১২,০০,০০০.০০ | ০৫ টি |
| ১২। | নাহিদ সুলতানা যুথী<br>পিতা-এস জালাল উদ্দিন<br>১৯৬/৬, শহীদ বাশার রোড, ঢাকা ক্যান্টঃ | ৩য় তলা-১৩<br>(সেকেন্ড ফ্লোর) | ২০৮.২৫ | ১২,০০,০০০.০০ | ০৫ টি |

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে উপরোক্ত দাখিলকৃত ১২ (বার) টি দোকান ইজারা/বরাদ্দ প্রদানের নিমিত্ত দোকানের বিপরীতে প্রাপ্ত সর্বোচ্চ দর অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে। অবশিষ্ট দোকানসমূহ জরুরী ভিত্তিতে দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করে ইজারা/বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

আলোচ্য বিষয়-৫৯: বাড়ী নির্মাণ/পুনঃনির্মাণ/সম্প্রসারণের ক্ষেত্রে সার্ভিস প্রদানের বিষয়ে সেনাসদর, কিউএমজি'র শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ০৫/০২/২০১৭ তারিখের ২৩.০১.৯০১.০৪৪.০২.০৭১.০২.০৫.০২.১৭ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : বাড়ি নির্মাণ/পুনঃনির্মাণ/সম্প্রসারণের ক্ষেত্রে সার্ভিস চার্জ প্রদান প্রসংগে সেনাসদরের ০৫ ফেব্রুয়ারি ২০১৭ তারিখের ২৩.০১.৯০১.০৪৪.০২.০৭১.০২.০৫.০২.১৭ নং পত্রের মাধ্যমে সেনাসদর, কিউএমজি'র শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরের ২০ জুলাই ২০১৬ তারিখের ২৩.০১.৯০১.০৪৪.০২. ০৭১.০২.০৫.০২.১৬ নং পত্রটি বহাল রাখার প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে।

সিদ্ধান্ত : বাড়ী নির্মাণ/পুনঃনির্মাণ/সম্প্রসারণের ক্ষেত্রে সার্ভিস প্রদানের বিষয়ে সেনাসদর, কিউএমজি'র শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ০৫/০২/২০১৭ তারিখের ২৩.০১.৯০১.০৪৪.০২.০৭১.০২.০৫.০২.১৭ নং পত্রের নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-৬০: মিরপুর ডিওএইচএস এলাকার ৪০ নং রোডের উত্তর পার্শ্বে অবস্থিত সরকার বাড়ী অভ্যন্তরে বাড়ী নির্মাণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : মিরপুর ডিওএইচএস এলাকার ৪০ নং রোডের উত্তর পার্শ্বে অবস্থিত সরকার বাড়ী অভ্যন্তরে নকশা অনুমোদন ব্যতিরেকে ০১ তলা ও দোতলা (পাকা) বাড়ী নির্মাণ করেছেন। এক্ষেত্রে মিরপুর ডিওএইচএস এর প্লট মালিকগণ অভিযোগ করে আসছেন।

সিদ্ধান্ত : নকশা অনুমোদন ব্যতিরেকে ইমারত নির্মাণ বন্ধ করার জন্য ডিওএইচএস পরিষদ, সংশ্লিষ্ট থানা এবং রাজউক-কে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার অনুরোধ করতে হবে। প্রয়োজনবোধে মিলিটারী পুলিশের সহায়তায় অননুমোদিত নির্মাণ বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ক্যান্টনমেন্ট বোর্ড হতে এ বিষয়টির উপর সদয় নির্দেশনার জন্য সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসে প্রস্তাব প্রেরণ করবে।

আলোচ্য বিষয়-৬১: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর সেন্ট্রাল এসি, লিফট, এসকেলেটর ও ফায়ার ফাইটিং ইকুইপমেন্ট ক্রয়ের জন্য প্রি-শিপমেন্ট ইন্সপেকশন এর নিমিত্ত সেনাসদর কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ২৫/০১/২০১৭ ইং তারিখের ২৩.০১.৯০১.০৪৪.০২.০৭১.২৭.২৪.০১.১৭ নং পত্রের মাধ্যমে গঠিত টিমের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ২৫ জানুয়ারি ২০১৭ তারিখের ২৩.০১.৯০১. ০৪৪.০২.০৭১.২৭.২৪.০১.১৭ নং পত্রের মাধ্যমে মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্সের লিফট, এসকেলেটর ও ফায়ার ফাইটিং কাজের প্রি-শিপমেন্ট ইন্সপেকশনের জন্য নিম্নলিখিতভাবে টিম গঠন করা হয়েছে ঃ-

| ক্র/ নং | কাজের নাম | কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠানের নাম | দেশের নাম | প্রি-শিপমেন্ট ইন্সপেকশন টিম |
|---|---|---|---|---|
| ১। | মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর জন্য ৪টি প্যাসেঞ্জার লিফট ও ৮ জোড়া এসকেলেটর সরবরাহ ও স্থাপন। | প্রপার্টি পেভলোপমেন্ট লিমিটেড | জার্মানী | ১. ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট।<br>২. এসএসও, স্টেশন সদর দপ্তর, ঢাকা (স্টেশন কমান্ডার কর্তৃক মনোনিত)।<br>৩. ই-ইন-সি কর্তৃক মনোনীত কর্মকর্তা। |
| ২। | মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স ইলেকট্রোমেকানিক্যাল (কেন্দ্রীয় শীতাতপ নিয়ন্ত্রণ, HVAC) সরবরাহ ও স্থাপন। | লায়ন্স ইলেকট্রোমেকানিক্যাল সার্ভিসেস | ইটালী | (১) মেজর শাহ জীশান মোঃ আতাউল কাদির, ডিএডিএমকিউ, সেনাসদর, কিউএমজি শাখা (এমএন্ডকিউ পরিদপ্তর)।<br>(২) ই-ইন-সি কর্তৃক মনোনীত কর্মকর্তা।<br>(৩) এন, কে, এম, আখতারুল ইসলাম, সহকারী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| ৩। | মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর জন্য ফায়ার ফাইটিং সিস্টেম স্থাপন। | রংপুর মেটাল ইন্ডাষ্ট্রিজ লিমিটেড | ইউএসএ | ১. কমান্ড্যান্ট, এমআইএসটি কর্তৃক মনোনীত কর্মকর্তা।<br>২. ই-ইন-সি কর্তৃক মনোনীত কর্মকর্তা।<br>৩. জনাব মোঃ আলম খান, নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |

উক্ত টিম কর্তৃক প্রি-শিপমেন্ট ইন্সপেকশনের নিমিত্ত বোর্ডসভায় অনুমোদনের মাধ্যমে কার্যক্রম সম্পন্ন করার জন্য সেনাসদর হতে নির্দেশনা প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত : সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ২৫ জানুয়ারি ২০১৭ তারিখের ২৩.০১.৯০১. ০৪৪.০২.০৭১.২৭.২৪.০১.১৭ নং পত্রের মাধ্যমে মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্সের লিফট, এসকেলেটর ও ফায়ার ফাইটিং কাজের প্রি-শিপমেন্ট ইন্সপেকশনের জন্য নিম্নলিখিতভাবে টিম অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| ক্র/ নং | কাজের নাম | কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠানের নাম | দেশের নাম | প্রি-শিপমেন্ট ইন্সপেকশন টিম |
|---|---|---|---|---|
| ১। | মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর জন্য ৪টি প্যাসেঞ্জার লিফট ও ৮ জোড়া এসকেলেটর সরবরাহ ও স্থাপন। | প্রপার্টি পেভলোপমেন্ট লিমিটেড | জার্মানী | ১. ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট।<br>২. এসএসও, স্টেশন সদর দপ্তর, ঢাকা (স্টেশন কমান্ডার কর্তৃক মনোনিত)।<br>৩. ই-ইন-সি কর্তৃক মনোনীত কর্মকর্তা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২। | মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স ইলেকট্রোমেকানিক্যাল (কেন্দ্রীয় শীতাতপ নিয়ন্ত্রণ, HVAC) সরবরাহ ও স্থাপন। | লায়ন্স ইলেকট্রোমেকানিক্যাল সার্ভিসেস | ইটালী | (১) মেজর শাহ জীশান মোঃ আতাউল কাদির, ডিএডিএমকিউ, সেনাসদর, কিউএমজি শাখা (এমএন্ডকিউ পরিদপ্তর)।<br>(২) ই-ইন-সি কর্তৃক মনোনীত কর্মকর্তা।<br>(৩) এন, কে, এম, আখতারুল ইসলাম, সহকারী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| ৩। | মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর জন্য ফায়ার ফাইটিং সিস্টেম স্থাপন। | রংপুর মেটাল ইন্ডাস্ট্রিজ লিমিটেড | ইউএসএ | ১. কমান্ড্যান্ট, এমআইএসটি কর্তৃক মনোনীত কর্মকর্তা।<br>২. ই-ইন-সি কর্তৃক মনোনীত কর্মকর্তা।<br>৩. জনাব মোঃ আলম খান, নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |

উল্লেখ্য যে, ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট এর পরিবর্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের যথোপযুক্ত অফিসার কমিটিতে অন্তর্ভূক্ত করার জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে পত্র প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-৬২: সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের পুরাতন ভবনের ২ তলায় ডাক্তার চেম্বার বরাদ্দ করনের বিষয়ে হাসপাতালের ২৯/১/২০১৭ তারিখের এসকেএমসিবিজিএইচ/০৮ নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত সিরাজ-খালেদা মোমেরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের পুরাতন ভবনের ২য় তলায় বিভিন্ন বিশেষজ্ঞ ডাক্তাদের বহিরাগত রোগী দেখার জন্য স্ত্রী রোগ বিশেষজ্ঞ ০২টি, জেনারেল সার্জারী ০২টি, মেডিসিন বিশেষজ্ঞ ০১টি, শিশু বিশেষজ্ঞ ০১টি, নাক, কান ও গলা বিশেষজ্ঞ ০১টি, চর্ম রোগ বিশেষজ্ঞ ০১টি, স্নায়ুরোগ বিশেষজ্ঞ (নিউরোলজিষ্ট) ০১টি, লিভার ও পরিপাক তন্ত্র (গ্যাস্ট্রো এন্ট্রোলজিষ্ট) ০১টি, অর্থোপেডিক বিশেষজ্ঞ ০১টি, কিডনি রোগ বিশেষজ্ঞ/সার্জন ০১টি, হৃদরোগ বিশেষজ্ঞ (কার্ডিওলজিষ্ট) ০১টি, ফিজিক্যাল মেডিসিন বিশেষজ্ঞ ০১টি, চক্ষু বিশেষজ্ঞ ০১টি, দন্ত বিশেষজ্ঞ ০১টি ও অন্যান্য বিশেষজ্ঞ ০১টিসহ মোট ১৭টি চেম্বার কক্ষে সাময়িকভাবে শুধুমাত্র ইউটিলিটি বিল (পানি, বিদ্যুৎ, গ্যাস, এ্যাটেনডেন্ট এবং মেরামত ও রক্ষনাবেক্ষন) চার্জ প্রদান সাপেক্ষে অভিজ্ঞ ডাক্তারদের আবেদনের প্রেক্ষিতে চেম্বারসমূহ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে বরাদ্দ প্রদানের বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত সিরাজ-খালেদা মোমেরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের পুরাতন ভবনের ২য় তলায় বিভিন্ন বিশেষজ্ঞ ডাক্তাদের বহিরাগত রোগী দেখার জন্য মোট ১৭ টি চেম্বার কক্ষে সাময়িকভাবে শুধুমাত্র ইউটিলিটি বিল (পানি, বিদ্যুৎ, গ্যাস, এ্যাটেনডেন্ট এবং মেরামত ও রক্ষনাবেক্ষন) চার্জ প্রদান সাপেক্ষে বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে সিরাজ-খালেদা মোমেরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের পরিচালক প্রশাসন লেঃ কর্ণেল মোঃ আনোয়ার হোসেন, পিএসসি সমন্বয় করবেন।

আলোচ্য বিষয়-৬৩: রজনীগন্ধা সুপার মার্কেটের পার্ক-৫০ নং দোকানের ভাড়াটিয়ার সহিত সম্পাদিত চুক্তিপত্রের মেয়াদ শেষে দোকানটির দখল মালিককে বুঝিয়ে দেয়া প্রসংগে।

আলোচনা : রজনীগন্ধা সুপার মার্কেটের পার্ক-৫০ নং দোকানের মালিক সিপাহী (অবঃ) মোঃ নূরুল হক। তিনি উক্ত দোকানটি চুক্তিপত্রের মাধ্যমে মোঃ শফিকুল ইসলাম খান, পিতা-মৃত সিরাজ উদ্দিন খান এর নিকট ১৫ ফেব্রুয়ারি, ২০১৫ তারিখ হতে ভাড়া প্রদান করেন। যার মেয়াদ ২৮ ফেব্রুয়ারি, ২০১৭ তারিখে শেষ হবে। চুক্তির শর্ত অনুযায়ী মালিক নিজে যদি ব্যবসা করেন, তবে মেয়াদ বৃদ্ধি করা যাবে না মর্মে তার ০৯ ফেব্রুয়ারি, ২০১৭ তারিখের আবেদনে উল্লেখ করেছেন।

সিদ্ধান্ত : ভাড়ার চুক্তিপত্রের মেয়াদ শেষে ভাড়াটিয়া কর্তৃক মালিককে দোকানটি বুঝিয়ে দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-৬৪: সেনাসদরের অভ্যন্তরে ঘাস লাগানোর জন্য মাটিকাটা, কাটি অপসারণ ও বালি/ভিটি বালি ভরাটকরণ ও ঘাস লাগানো কাজের ৩,০০,১২৬.০০ (তিন লক্ষ একশত ছাব্বিশ) টাকা ব্যয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : সেনাসদরের অভ্যন্তরে ঘাস লাগানোর জন্য মাটিকাটা, কাটি অপসারণ ও বালি/ভিটি বালি ভরাটকরণ ও ঘাস লাগানো কাজের ৩,০০,১২৬.০০ (তিন লক্ষ একশত ছাব্বিশ) টাকা ব্যয় হবে। উক্ত ব্যয় আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ করা যেতে পারে।

| ক্র/নং | বিবরণ | পরিমান | দর | মোট |
|---|---|---|---|---|
| ১. | ঘাস লাগানের জন্য মাটি কাটা<br>১×১৩০´-০´´×২০´-০´´×১´-৬´´= ৩৯০০.০০ঘঃফুঃ | ৩৯০০.০০ ঘঃমিঃ | ২০৭.০০ | ২২৬০৪.৪০ |
| ২. | কাটামাটি অপসারণ করে ৬ কিঃমিঃ দুরে ফেলানো | ১০৯.২০ ঘঃমিঃ | ৬৪৯.৪০ | ৭০৯১৪.৪৮ |
| ৩. | বালু ফিলিং করণ লাগানের জন্য মাটি কাটা<br>১×১৩০´-০´´×২০´-০´´×১´-৩´´= ৩২৫.০০ঘঃফুঃ | ৯১.০০ঘঃমিঃ | ৫৭০.০০ | ৫১৯৬১.০০ |
| ৪. | ভিটিবালু/মাটি ফিলিং করণ<br>১×১৩০´-০´´×২০´-০´´×০´-৩´´= ৬৫০.০০ঘঃফুঃ | ১৮.২০ ঘঃমিঃ | ৬২৯.০০ | ১১৪৪৭.০০ |

পরিশিষ্ট-'ক'

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

(১) ক্যাপ্টেন আরিফ আহমেদ মোস্তফা (জি), পিএসসি, বিএন — উপস্থিত
অধিনায়ক, বিএনএস হাজী মহসিন, ঢাকা সেনানিবাস।
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(২) গ্রুপ ক্যাপ্টেন মুহাম্মদ শরিফুল ইসলাম, এএফডব্লিউসি, পিএসসি, জিডি(পি) — উপস্থিত
বিমানবাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস।
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৩) কর্ণেল মোঃ মাহফুজ আলম, পিএসসি — উপস্থিত
সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস।
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৪) মেজর মোঃ শওকত জামিল — উপস্থিত
প্রতিনিধি, কমান্ড্যান্ট, সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস।
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৫) কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক — উপস্থিত
বাসা#৪৪৯/২, রোড#৮ (পশ্চিম), ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস।
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৬) জনাব হেলাল উদ্দিন আহমেদ — উপস্থিত
বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা, ঢাকা সেনানিবাস।
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৭) মোঃ শরীফুল আলম তানভীর — অনুপস্থিত
এনডিসি ও নির্বাহী ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসক, ঢাকা এর প্রতিনিধি।
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

| | | | | |
|---|---|---|---|---|
| ৫. | বস্তা ঘাস | ৫০ বস্তা | ৪০০.০০ | ২০০০০.০০ |
| ৬. | ঘাস লাগানোর স্থানে গাছের পাতা বাছাই ও উক্ত ঘাসে পানি দেওয়া ও পরিচর্যার জন্য লেবার নিয়োগ | ২৩৮ জন | ৫০০.০০ | ১১৯০০০.০০ |
| ৭. | ইউরিয়া সার | ০২ বস্তা | ২১০০.০০ | ৪২০০.০০ |
| | | | মোট = | ৩,০০,১২৬.৮৮ |
| | | | ধরি= | ৩,০০,১২৬.০০ |

সিদ্ধান্ত : সেনাসদরের অভ্যন্তরে ঘাস লাগানোর জন্য মাটিকাটা, কাটি অপসারণ ও বালি/ভিটি বালি ভরাটকরণ ও ঘাস লাগানো কাজের ৩,০০,১২৬.০০ (তিন লক্ষ একশত ছাব্বিশ) টাকা ব্যয়ের অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত ব্যয় আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ করতে হবে।

আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।
সংযুক্ত ঃ পরিশিষ্ট-'ক'।

*(এস. এম. আব্দুল কাদের)*
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

*(ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নুরুল মোমেন খান, এনডিসি, পিএসসি)*
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

পরিশিষ্ট-'খ'

## ঢাকা সেনানিবাস এলাকায় বিভিন্ন প্রতিষ্ঠান সমূহের ময়লা অপসারণ কাজের বিবরণ ঃ

| ক্র/নং | প্রতিষ্ঠানের নাম | গাড়ী নম্বর | ময়লাসহ গাড়ীর ওজন | খালী গাড়ীর ওজন | ময়লার পরিমাণ | ময়লা অপসারণ (সাপ্তাহিক) | মোট ময়লার পরিমাণ (সাপ্তাহিক) | মোট ময়লার পরিমাণ (মাসিক) | টন প্রতি ময়লা অপসারণ খরচ | মাসিক ময়লা অপসারণ খরচ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১। | শহীদ লেঃ আনোয়ার গালর্স স্কুল ও কলেজ | ১১-৩৩৯২ | ৩৬৯০ কেজি | ২৬৬০ কেজি | ১০৩০ কেজি | সপ্তাহে ০২দিন | ২০৬০ কেজি | ৮২৪০ কেজি | ১০০০.০০ | ৮২৪০.০০ |
| ২। | আদমজী ক্যান্টঃ কলেজ | ১১-৩৩৯২ | ৫৬৮০ কেজি | ২৬৬০ কেজি | ৩০২০ কেজি | সপ্তাহে ০২দিন | ৬০৪০ কেজি | ২৪১৬০ কেজি | ১০০০.০০ | ২৪১৬০.০০ |
| ৩। | আদমজী ক্যান্টঃ পাবলিক স্কুল | ১১-৩৩৯২ | ৪৭২০ কেজি | ২৬৬০ কেজি | ২০৬০ কেজি | সপ্তাহে ০১দিন | ২০৬০ কেজি | ৮২৪০ কেজি | ১০০০.০০ | ৮২৪০.০০ |
| ৪। | মিরপুর ক্যান্টঃ পাবলিক স্কুল | ১৪-১১৬২ | ৪০০০ কেজি | ৩৫০০ কেজি | ৫০০ কেজি | সপ্তাহে ০১ দিন | ৫০০ কেজি | ২০০০ কেজি | ১০০০.০০ | ২০০০.০০ |
| ৫। | বিআইএস স্কুল মহাখালী | -০০১৪ | ৩৬২০ কেজি | ৩৫৭০ কেজি | ৫০ কেজি | সপ্তাহে ০৩ দিন | ১৫০ কেজি | ৬০০ কেজি | ১০০০.০০ | ৬০০.০০ |
| ৬। | বিএন স্কুল এন্ড কলেজ | নতুন ট্রাক-৩ | ৪৪৯০ কেজি | ৩৪৫০ কেজি | ১০৪০ কেজি | সপ্তাহে ০৩ দিন | ৩১২০ কেজি | ১২৪৮০ কেজি | ১০০০.০০ | ১২৪৮০.০০ |
| ৭। | বিএসআই স্কুল বারিধারা | নতুন ট্রাক-১ | ৩৭৬০ কেজি | ৩৪২০ কেজি | ৩৪০ কেজি | সপ্তাহে ০৩ দিন | ১০২০ কেজি | ৪০৮০ কেজি | ১০০০.০০ | ৪০৮০.০০ |
| ৮। | আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ | ০০১৬ | ৫০১০ কেজি | ২৬৬০ কেজি | ২৩৫০ কেজি | সপ্তাহে ০৩ দিন | ৭০৫০ কেজি | ২৮২০০ কেজি | ১০০০.০০ | ২৮২০০.০০ |
| ৯। | মুসলিম মডার্ণ স্কুল | ১৪-১৫২১ | ৩৬৩০ কেজি | ৩৫৫০ কেজি | ৮০ কেজি | সপ্তাহে ০১ দিন | ৮০ কেজি | ৩২০ কেজি | ১০০০.০০ | ৩২০.০০ |
| ১০। | সেনাপল্লী স্কুল | নতুন ট্রাক-৩ | ৩৫৫০ কেজি | ৩৪৫০ কেজি | ১০০ কেজি | সপ্তাহে ০১ দিন | ১০০ কেজি | ৪০০ কেজি | ১০০০.০০ | ৪০০.০০ |
| ১১। | শহীদ রমিজ উদ্দিন স্কুল ও কলেজ | -০০১৬ | ৪৭৬০ কেজি | ২৬৬০ কেজি | ২১০০ কেজি | সপ্তাহে ০১ দিন | ২১০০ কেজি | ৮৪০০ কেজি | ১০০০.০০ | ৮৪০০.০০ |
| ১২। | সিএসডি (স্বাধীনতা সরণি) | ১১-৩৩৯২ | ২৭৮০ কেজি | ২৬৬০ কেজি | ১২০ কেজি | সপ্তাহে ০৭ দিন | ৮৪০ কেজি | ৩৬০০ কেজি | ১০০০.০০ | ৩৬০০.০০ |
| ১৩। | সিএসডি (গ্যারিশন) | ১৪-১৫২১ | ৫২০০ কেজি | ৩৫৫০ কেজি | ১৬৫০ কেজি | সপ্তাহে ০৭ দিন | ১১৫০০ কেজি | ৪৯৫০০ কেজি | ১০০০.০০ | ৪৯৫০০.০০ |
| ১৪। | ক্যাপ্টেনস বেকারী (জাহাঙ্গীর গেট) | ১১-১১২৭ | ৩৫০০ কেজি | ২৭০০ কেজি | ৮০০ কেজি | সপ্তাহে ০৭ দিন | ৫৬০০ কেজি | ২৪০০০ কেজি | ১০০০.০০ | ২৪০০০.০০ |
| ১৫। | সেনাকুঞ্জ + সেনা মালঞ্চ | ১১-৩৩৯২ | ৩৮৬০ কেজি | ২৬৬০ কেজি | ১২০০ কেজি | সপ্তাহে ০৭ দিন | ৮৪০০ কেজি | ৩৬০০০ কেজি | ১০০০.০০ | ৩৬০০০.০০ |
| ১৬। | ট্রাষ্ট মিলনায়তন | ১১-১১২৭ | ৩৬০০ কেজি | ২৭০০ কেজি | ৯০০ কেজি | সপ্তাহে ০৭ দিন | ৬৩০০ কেজি | ২৭০০০ কেজি | ১০০০.০০ | ২৭০০০.০০ |
| ১৭। | এমইএস কনভেনশন হল | ১১-৩৩৯২ | ২৮৬৫ কেজি | ২৬৬০ কেজি | ২০৫ কেজি | সপ্তাহে ০২ দিন | ৪১০ কেজি | ১৬৪০ কেজি | ১০০০.০০ | ১৬৪০.০০ |

ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

প্রেসিডেন্ট
ক্যান্টনমেন্ট বোর্ড
ঢাকা ক্যান্টনমেন্ট।

| ক্র/নং | প্রতিষ্ঠানের নাম | গাড়ী নম্বর | ময়লাসহ গাড়ীর ওজন | খালী গাড়ীর ওজন | ময়লার পরিমাণ | ময়লা অপসারণ (সাপ্তাহিক) | মোট ময়লার পরিমাণ (সাপ্তাহিক) | মোট ময়লার পরিমাণ (মাসিক) | টন প্রতি ময়লা অপসারণ খরচ | মাসিক ময়লা অপসারণ খরচ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৮। | রাওয়া ক্লাব | -০০১৪ | ৩৮৭০ কেজি | ৩৫৭০ কেজি | ৩০০ কেজি | সপ্তাহে ০৭ দিন | ২১০০ কেজি | ৯০০০ কেজি | ১০০০.০০ | ৯০০০.০০ |
| ১৯। | প্রজন্ম ছাত্র/ছাত্রী হোস্টেল | ১৪-১১৬৩ | ৩৭০০ কেজি | ৩৫০০ কেজি | ২০০ কেজি | সপ্তাহে ০৭ দিন | ১৪০০ কেজি | ৬০০০ কেজি | ১০০০.০০ | ৬০০০.০০ |
| ২০। | ট্রাষ্ট ব্যাংক | ১৪-১৫২১ | ৩৫৭০ কেজি | ৩৫৫০ কেজি | ২০ কেজি | সপ্তাহে ০৭ দিন | ১৪০ কেজি | ৬০০ কেজি | ১০০০.০০ | ৬০০.০০ |
| ২১। | সোনালী ব্যাংক | ১১-৩৩৯২ | ২৬৭০ কেজি | ২৬৬০ কেজি | ১০ কেজি | সপ্তাহে ০১ দিন | ৭০ কেজি | ২৮০ কেজি | ১০০০.০০ | ২৮০.০০ |
| ২২। | রুপালী ব্যাংক | ১১-৩৩৯২ | ২৭৬০ কেজি | ২৬৬০ কেজি | ১০০ কেজি | সপ্তাহে ০১ দিন | ১০০ কেজি | ৪০০ কেজি | ১০০০.০০ | ৪০০.০০ |
| ২৩। | কুর্মিটোলা গলফ ক্লাব | ১১-৩৩৯২ | ৩২০০ কেজি | ২৬৬০ কেজি | ৫৪০ কেজি | সপ্তাহে ০৭ দিন | ৩৭৮০ কেজি | ১৬২০০ কেজি | ১০০০.০০ | ১৬২০০.০০ |
| ২৪। | আর্মি গলফ ক্লাব | -০০১৬ | ৩৭৬০ কেজি | ২৬৬০ কেজি | ১২০০ কেজি | সপ্তাহে ০৪ দিন | ৪৮০০ কেজি | ১৯২০০ কেজি | ১০০০.০০ | ১৯২০০.০০ |
| ২৫। | ক্যান্টনমেন্ট জেনাঃ হাসপাতাল | ১১-৩৩৯২ | ২৭১০ কেজি | ২৬৬০ কেজি | ৫০ কেজি | সপ্তাহে ০৭ দিন | ৩৫০ কেজি | ১৪০০ কেজি | ১০০০.০০ | ১৪০০.০০ |
| ২৬। | ফ্যালকন কমিউনিটি সেন্টার | ৮৩৯৪ | ৩৮৬০ কেজি | ২৬৫০ কেজি | ১২১০ কেজি | সপ্তাহে ০৭ দিন | ৮৪৭০ কেজি | ৩৬৩০০ কেজি | ১০০০.০০ | ৩৬৩০০.০০ |
| ২৭। | রজনীগন্ধা সুপারমার্কেট এর মুরগী বাজার (দোকান সংখ্যা-৬৯টি) | নতুন ট্রাক-৩ | ৬৬৫০ কেজি | ৩৪৫০ কেজি | ৩২০০ কেজি | সপ্তাহে ০৭ দিন | ২২৪০০ কেজি | ৯৬০০০ কেজি | ১০০০.০০ | ৯৬০০০.০০ |
| ২৮। | রজনীগন্ধা সুপারমার্কেট এর মাছের বাজার (দোকান সংখ্যা-৪৫টি) | নতুন ট্রাক-৩ | ৪১৫০ কেজি | ৩৪৫০ কেজি | ৭০০ কেজি | সপ্তাহে ০৭ দিন | ৪৯০০ কেজি | ২১০০০ কেজি | ১০০০.০০ | ২১০০০.০০ |
| ২৯। | রজনীগন্ধা সুপারমার্কেট এর সবজি হকার বাজার ( দোকান সংখ্যা-৭৫টি) | নতুন ট্রাক-৩ | ৪৬৫০ কেজি | ৩৪৫০ কেজি | ১২০০ কেজি | সপ্তাহে ০৭ দিন | ৮৪০০ কেজি | ৩৬০০০ কেজি | ১০০০.০০ | ৩৬০০০.০০ |
| ৩০। | রজনীগন্ধা সুপারমার্কেট এর হার্ট স্ট্যান্ডের | নতুন ট্রাক-৩ | ৩৯০০ কেজি | ৩৪৫০ কেজি | ৪৫০ কেজি | সপ্তাহে ০৭ দিন | ৩১৫০ কেজি | ১৩৫০০ কেজি | ১০০০.০০ | ১৩৫০০.০০ |
| ৩১। | রজনীগন্ধা সুপারমার্কেট ফল বাজার (দোকান সংখ্যা-৩০টি) | নতুন ট্রাক-৩ | ৩৬৪০ কেজি | ৩৪৫০ কেজি | ১৯০ কেজি | সপ্তাহে ০৭ দিন | ১৩৩০ কেজি | ৫৭০০ কেজি | ১০০০.০০ | ৫৭০০.০০ |
| | | | | | | | | | মোট= | ৫,০০,৪৪০.০০ |

ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

পরিশিষ্ট –"গ"

# ঢাকা সেনানিবাস এলাকায় চলাচলরত রিক্সার ভাড়ার তালিকা

| ক্রঃনং | স্থানের নাম | | | ভাড়া | ক্রঃনং | স্থানের নাম | | | ভাড়া |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১। | পোষ্ট অফিস | থেকে | গ্যারিশন | ১০/= | ২১। | এম ইএস কনভেনশন | থেকে | মোস্তফা কামাল লাইন | ৫৫/= |
| ২। | জাহাঙ্গীর গেট | থেকে | সৈনিক ক্লাব | ৪০/= | ২২। | এমইএস কনভেনশন | থেকে | পকেটগেট (ভাষানটেক) | ৪০/= |
| ৩। | জাহাঙ্গীর গেট | থেকে | ইউসুফ লাইন | ৩৫/= | ২৩। | এমইএস কনভেনশন | থেকে | কুর্মিটোলা হাসপাতাল | ৬০/= |
| ৪। | জাহাঙ্গীর গেট | থেকে | মইনুল রোড | ৪০/= | ২৪। | এমইএস কনভেনশন | থেকে | শাহিন কলেজ (বঙ্গবন্ধু কোর) | ৭০/= |
| ৫। | মোবাইল মার্কেট | থেকে | ওয়ার্ক শপ | ১০/= | ২৫। | এমইএস কনভেনশন | থেকে | জিয়াকলোনী | ৫০/= |
| ৬। | মোবাইল মার্কেট | থেকে | সৌদি কলোনী | ৩০/= | ২৬। | এমইএস কনভেনশন | থেকে | সি এম এইচ | ৩৫/= |
| ৭। | মোবাইল মার্কেট | থেকে | জাহাঙ্গীরগেট | ৩৫/= | ২৭। | এমইএস কনভেনশন | থেকে | গ্যারিশন | ২৫/= |
| ৮। | মোবাইল মার্কেট | থেকে | মইনুল রোড | ২৫/= | ২৮। | এমইএস কনভেনশন | থেকে | পোস্ট অফিস | ২০/= |
| ৯। | মোবাইল মার্কেট | থেকে | ইউসুফ লাইন | ৩০/= | ২৯। | পোস্ট অফিস | থেকে | সি এম এইচ | ২০/= |
| ১০। | মোবাইল মার্কেট | থেকে | সৈনিক ক্লাব | ৩৫/= | ৩০। | মোবাইল মার্কেট | থেকে | ৪৩ ইঞ্জিনিয়ার কোর | ২০/= |
| ১১। | মোবাইল মার্কেট | থেকে | ডিওএইচএস | ৪৫/= | ৩১। | সি এম এইচ | থেকে | মোস্তফা কামাল লাইন | ৩০/= |
| ১২। | মোবাইল মার্কেট | থেকে | ১৩ এম পি | ১৫/= | ৩২। | মাটিকাটা (বেড়িবাধ) | থেকে | সি এম এইচ | ২০/= |
| ১৩। | পুরাতন এয়ার হেড কোয়ার্টার (এমইএস) | থেকে | মাটিকাটা বেড়ীবাঁধ | ২০/= | ৩৩। | জাহাঙ্গীরগেট | থেকে | সৌদি কলোনী | ১৫/= |
| ১৪। | পুরাতন এয়ার হেড কোয়ার্টার (এমইএস) | থেকে | সিগনাল | ১০/= | ৩৪। | কচুক্ষেত | থেকে | শহীদ আনোয়ার স্কুল | ১৫/= |
| ১৫। | পুরাতন এয়ার হেড কোয়ার্টার (এমইএস) | থেকে | পোস্টঅফিস | ৩০/= | ৩৫। | মাটিকাটা (বেড়িবাধ) | থেকে | সি এম এইচ | ২০/= |
| ১৬। | পুরাতন এয়ার হেড কোয়ার্টার (এমইএস) | থেকে | গ্যারিশন | ২০/= | ৩৬। | আর্মি হেড কোয়াটার | থেকে | পকেটগেট (ভাষানটেক) | ১০/= |
| ১৭। | পুরাতন এয়ার হেড কোয়ার্টার (এমইএস) | থেকে | পকেটগেট (ভাষানটেক) | ২৫/= | ৩৭। | এমইএস কনভেনশন | থেকে | পুরাতন এয়ার হেড কোয়ার্টার (এমইএস) | ৪৫/= |
| ১৮। | পুরাতন এয়ার হেড কোয়ার্টার (এমইএস) | থেকে | সিএমএইচ | ১০/= | | | | | |
| ১৯। | জিয়া কলোনী | থেকে | গ্যারিশন | ৩০/= | | | | | |
| ২০। | জিয়া কলোনী | থেকে | পোস্টঅফিস | ৪০/= | | | | | |

(কাজী মোঃ পেয়ারু)
রেভিনিউ অফিসার (অঃদাঃ)
ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(মোঃ রফিকুল ইসলাম,বীর)
সদস্য
বিজেও-৬৬০৩১ ওয়ারেন্ট অফিসার
প্রতিনিধি, শাখা- আর্মি সিকিউরিটি ইউনিট
ঢাকা সেনানিবাস।

(মোঃ মোখলেছুর রহমান,সিএমপি)
সদস্য, বিজেও-৩০২৭৪
ওয়ারেন্ট অফিসার প্রতিনিধি, ১৩ এমপি ইউনিট,
ঢাকা সেনানিবাস।

মোঃ আজিজুর রহমান
সদস্য বিজেও-৩০২৯৪
ওয়ারেন্ট অফিসার প্রতিনিধি, আর্মি
এমপি ইউনিট, ঢাকা সেনানিবাস।

মেজর এস এম হাবিব ইবনে
জাহান,এএসসি, বিএ-৫৬৪৫
সভাপতি
স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস।